আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

এটা এজন্য যে, তারা বলে রেখেছে যে, উম্মীদের অধিকার বিনষ্ট করাতে আমাদের কোন পাপ নেই। আর তারা আল্লাহ সম্পর্কে জেনে শুনেই মিথ্যা বলে।

সূরা আল ইমরান ৭৫

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ১৬ সেপ্টেম্বর ২০২৬ ॥ ০৪ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ০৩ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১০২ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

দল-মতের ঊর্ধ্বে উঠে সবার জন্য নিরপেক্ষভাবে কাজের শপথ নিয়েছি: রাষ্ট্রপতি

কীর্তনখোলা ডেস্ক

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, হজরত শাহজালাল (রহ.) ও হজরত শাহপরানসহ ৩ এর পাতায় দেখুন

'বিএনপির সাড়ে ৪ হাজারের বেশি নেতাকর্মীকে ক্রসফায়ার দেওয়া হয়েছিল'

কীর্তনখোলা ডেস্ক

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, গত ১৭ বছরে ফ্যাসিবাদী শাসনের সময় বিএনপি-জামায়াতকে ৩ এর পাতায় দেখুন

'ইসিকে কমেডি সেন্টার নয়, আস্থার কেন্দ্র হিসেবেই জনগণ দেখতে চায়'

কীর্তনখোলা ডেস্ক

নির্বাচন কমিশনকে কমেডি সেন্টার নয়, আস্থার কেন্দ্র হিসেবেই জনগণ দেখতে চায় বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক ২ এর পাতায় দেখুন

ইউপি নির্বাচন দ্রুত আয়োজন করতে হবে, সময়ক্ষেপণ নয়: ইসলামী আন্দোলন

কীর্তনখোলা ডেস্ক

স্থানীয় সরকার নির্বাচন নিয়ে কোনো ধরনের সময়ক্ষেপণ মেনে নেওয়া হবে না বলে হুঁশিয়ারি দিয়েছেন ইসলামী আন্দোলন ২ এর পাতায় দেখুন

নগরীতে পরকীয়ার জের ধরে স্বামীকে হত্যা করে পালিয়েছে স্ত্রী

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীতে পরকীয়ার জেরে আইনজীবী সহকারী স্বামীকে হত্যার অভিযোগ উঠেছে স্ত্রীর বিরুদ্ধে। ঘটনার পর থেকে পলাতক রয়েছেন স্ত্রী নাছিমা বেগম। সোমবার (১৪ সেপ্টেম্বর) গভীর রাতে নগরীর বাঘিয়া এলাকার ইছাকাঠী কলোনী গলীর তৃতীয় তলা ভবনের তৃতীয় তলার ফ্লাটে এই ঘটনা ঘটে। ওই ভবনে ভাড়া থাকতেন আইনজীবী সহকারী। নিহত মো. নুরুজ্জামান হাওলাদার (৫৫) বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের আইনজীবী সহকারী (মুহুরী) হিসেবে কর্মরত ছিলেন। তিনি এক ছেলে ও এক মেয়ের জনক। ছেলে কুয়েত প্রবাসী। তবে ঘটনার সময় নরুজ্জামান এবং তার স্ত্রী নাছিমা বেগম ছাড়া বাড়িতে আর কেউ ছিল না বলে জানিয়েছে পুলিশ এবং বাড়ির মালিক। নিহত নুরুজ্জামান মুলাদী উপজেলার বাটামারা ইউনিয়নের পূর্ব তয়কা গ্রামের মৃত সাত্তার হাওলাদারের ছেলে। বাড়ির মালিক আহসান হাবিব জানান, ঘটনার পূর্বে সোমবার রাত ২টার দিকে নাছিমা বেগম বাসা থেকে বের হয়ে তার ভাতিজির সাথে দেখা করেন। ওই সময় তার ভাতিজির হাতে একটি ব্যাগ দিয়ে আসেন এবং বলে আসেন মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) পুলিশের কাছে আত্মসমর্পণ করবেন। পরে ভাতিজি তার স্বামীকে নিয়ে ওই বাসায় যাওয়ার পর

দরজা বন্ধ দেখে জরুরি সেবা নম্বরে ফোন করে পুলিশের সহায়তা চান। পরে সোমবার রাতে পুলিশ দরজা খুলে বিছানায় নুরুজ্জামানের রক্তাক্ত মৃতদেহ পড়ে থাকতে দেখে। পুলিশ জানিয়েছে, নুরুজ্জামানের মাথার পেছনে আঘাতের চিহ্ন রয়েছে। ধারণা করা হচ্ছে ভারী কিছু দিয়ে মাথায় আঘাত করে হত্যা করা হয়েছে। পরে মৃতদেহ ময়নাতদন্তের জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার সুশান্ত সরকার বলেন, ট্রিপল নাইনের মাধ্যমে খবর পেয়ে ভোররাতে আমরা ২ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে আরও ৭ মৃত্যু, সেপ্টেম্বরে প্রাণ গেলো ৬৭ জনের

কীর্তনখোলা ডেস্ক

এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে দেশে মৃতের সংখ্যা দিন দিন বাড়ছে। একদিনে মারা গেছেন আরও সাতজন। এ নিয়ে চলতি বছর মোট ১৬৪ জনের মৃত্যু হলো। এছাড়া হাসপাতালে নতুন রোগী ভর্তি হয়েছেন এক হাজার ৫৯৩ জন। এ নিয়ে এবার মোট ভর্তি হলেন ৫৫ হাজার ১৬৩ জন। তাদের মধ্যে ছাড়পত্র পেয়েছেন ৫০ হাজার ৯৪১ জন। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ডেঙ্গু-সংক্রান্ত ড্যাশবোর্ড থেকে এ তথ্য জানা গেছে। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, নতুন মারা যাওয়া সাতজনের মধ্যে চারজন নারী ও তিনজন পুরুষ এবং সবাই প্রাপ্তবয়স্ক। মোট মারা যাওয়া ব্যক্তিদের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, ১৬৪ জনের মধ্যে নারী ৫২ দশমিক ৮ শতাংশ এবং পুরুষ ৪৭ দশমিক ২ শতাংশ। মাসের হিসাব অনুযায়ী, জানুয়ারি ও ফেব্রুয়ারিতে ২ এর পাতায় দেখুন

শস্য, প্রাণী ও মৎস্যসম্পদ থেকে কৃষকের বার্ষিক নিট আয় ও দারিদ্র হার

বিভাগ	শস্য	প্রাণী	মৎস্য	দারিদ্র্য (%)
বরিশাল	৬,০৮১	৫১,৯৭৪	২৮,৯১০	২৬.৬
চট্টগ্রাম	৯,৩১৪	৪৯,০৯১	৩১,৩৩৮	১৫.২
ঢাকা	৮,১৯৮	৮৫,৪৭৫	৫৮,০৫৫	১৯.৬
খুলনা	১৫,৫৬৭	৭২,৫১৬	৮২,২৬৩	১৭.১
ময়মনসিংহ	৫,৩৭৫	৭৮,৫৬৩	৪৭,৩৫৩	২২.৬
রাজশাহী	১১,৯৪৫	৭৫,১২৬	৬৮,১৮০	১৬.৩
রংপুর	১০,২৪৫	৬৬,৭৬৬	৩৯,৭৩৭	২৫.০
সিলেট	৯,৪৫৩	৬৮,১৯৫	২৪,৩৯৩	১৮.৫

সূত্র: ইনকাম অ্যান্ড প্রোডাক্টিভিটি অব স্মল স্কেল ফুড প্রডিউসারস সার্ভে ২০১৫ ও বাংলাদেশের দারিদ্র্য মানচিত্র ২০২২, বিবিএস

দেশের সবচেয়ে দরিদ্র বিভাগ বরিশাল

কীর্তনখোলা রিপোর্ট

একসময় 'বাংলার শস্যভাণ্ডার' আর নদী-খালের সৌন্দর্যে 'বাংলার ভেনিস' নামে পরিচিত ছিল বরিশাল। বন্দরে দূর-দূরান্তের বণিকদের আনাগোনা ছিল। সেই বরিশাল এখন দেশের সবচেয়ে দরিদ্র বিভাগ। কৃষি উৎপাদন কমেছে, গড়ে ওঠেনি শিল্প-কারখানা, তৈরি হয়নি পর্যাপ্ত কর্মসংস্থান। গ্যাসের বড় মজুদ থাকার পরও কাজে লাগানো যায়নি সেই সম্পদ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) দারিদ্র্য মানচিত্র ২০২২ অনুযায়ী, দেশে দারিদ্র্যের হার ১৯ দশমিক ২ শতাংশ। বরিশাল বিভাগে এ হার ২৬ দশমিক ৬ শতাংশ। দেশের আট বিভাগের মধ্যে সর্বোচ্চ। একসময় দেশের দরিদ্রতম বিভাগ রংপুর হলেও এখন সেই অবস্থানে বরিশাল। কর্মসংস্থানের অভাবে এ অঞ্চলের মানুষ ঢাকামুখী হচ্ছে। জনশুমারি ও গৃহগণনা ২০২২ অনুযায়ী, বরিশালের স্থানীয় বাসিন্দাদের ১৮ দশমিক ৬২ শতাংশ এখন ঢাকায় বসবাস করছে। স্যাম্পল ভাইটাল ২ এর পাতায় দেখুন

সুপারি উৎপাদনে সমৃদ্ধ বরিশাল বছরে ১ লাখ ৮ হাজার ৬৬৬ টন

কীর্তনখোলা রিপোর্ট

উর্বর মাটি ও অনুকূল আবহাওয়ায় উৎপাদিত সুপারি বরিশাল বিভাগের জেলাগুলোর অন্যতম প্রধান অর্থকরী ফসল। দেশের দক্ষিণাঞ্চলের গ্রামীণ অর্থনীতির একটি বড় চালিকাশক্তি এ সুপারি। বরিশাল বিভাগের পিরোজপুর, বরগুনা, ভোলা এবং ঝালকাঠি জেলায় প্রচুর পরিমাণে সুপারি উৎপাদিত হয়। বরিশাল বিভাগের গ্রামীণ জনপদের বাড়ির আঙিনা, বসতভিটা কিংবা গ্রামের রাস্তার দুই পাশে সারি সারি সুপারি গাছ। বিভাগের প্রায় প্রতিটা জেলায় গ্রামীণ জনপদে সুপারি বাগানের এ মনোরম দৃশ্য যেন বাংলার চিরচেনা প্রাকৃতিক সৌন্দর্য। একসময় পারিবারিক চাহিদা মেটাতেই বাড়ির আঙিনায় সুপারি গাছ লাগানো হতো। সময়ের সঙ্গে তাল মিলিয়ে সেই সুপারি এখন অনেক পরিবারের বাড়তি আয়ের অন্যতম উৎসে পরিণত হয়েছে। শুধু বসতভিটা নয়, বাণিজ্যিকভাবেও বাড়ছে সুপারি চাষ। ফলে বরিশাল অঞ্চলের গ্রামীণ অর্থনীতিতে সম্ভাবনাময় অর্থকরী ফসল হিসেবে ক্রমেই গুরুত্বপূর্ণ হয়ে উঠছে সুপারি। কৃষি বিভাগের ২০২৫-২৬ অর্থবছরের উৎপাদন তথ্য অনুযায়ী, বরিশাল বিভাগের ৬ জেলায় মোট ২২ হাজার ৮৪৬ হেক্টর ২ এর পাতায় দেখুন

ভারতে টি-টোয়েন্টি বিশ্বকাপ না খেলার জন্য আসিফ নজরুল 'দায়ী'

কীর্তনখোলা ডেস্ক

নিরাপত্তার অজুহাতে ফেব্রুয়ারি-মার্চে ভারতে অনুষ্ঠিত সর্বশেষ টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলতে যায়নি বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল। এর জন্য বিগত অন্তর্বর্তীকালীন সরকারের তৎকালীন যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ নজরুলকে দায়ী করেছে জাতীয় ক্রীড়া পরিষদের গঠিত তদন্ত কমিটি। এছাড়া 'প্রবল চাপে' সে সময় আসিফ নজরুলের এমন সিদ্ধান্তের বিরুদ্ধে কিছু বলতে পারেননি বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) তৎকালীন সভাপতি আমিনুল ইসলাম বুলবুল। জাতীয় ক্রীড়া পরিষদ গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে এমন তথ্য উঠে এসেছে। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) ২২ পৃষ্ঠার এ প্রতিবেদন প্রকাশ করে তদন্ত কমিটি। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) ড. একেএম প্রতিবেদনে ১২ ব্যক্তির বক্তব্য নেওয়ার কথা উল্লেখ করে তদন্ত কমিটি ২ এর পাতায় দেখুন

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে সচেতনতার বার্তা দিলেন ওসি

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের (বিআরডিবি) মহিলা উন্নয়ন অনুবিভাগের সুফলভোগী সদস্যদের তিন দিনব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে বাল্যবিবাহ প্রতিরোধ, মাদক, ইভটিজিং, মোবাইল ফোনের অপব্যবহার এবং সামাজিক যোগাযোগমাধ্যমের নেতিবাচক প্রভাবসহ বিভিন্ন বিষয়ে তৎপর তুলে ধরে নারীদের সচেতন থাকার আহ্বান জানানো হয়েছে। ১৫ সেপ্টেম্বর উপজেলা বিআরডিবির হলরুমে এ প্রশিক্ষণের উদ্বোধন করা হয়। বরিশাল বিআরডিবির উপ-পরিচালক মোহাম্মদ হান্নান মিয়ার সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের বরিশালের যুগ্ম পরিচালক মোহাম্মদ শহীদ উল্লাহ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ২ এর পাতায় দেখুন

মানবতাবিরোধী অপরাধ

কাদের আরাফাত-সাদ্দামসহ সাত জনের মৃত্যুদণ্ড

কীর্তনখোলা ডেস্ক

জুলাই গণঅভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এবং যুবলীগ-ছাত্রলীগের চার শীর্ষ নেতাসহ ৭ জনকে মৃত্যুদণ্ড দিয়েছেন ট্রাইব্যুনাল। একইসঙ্গে পাঁচজনের ৫০ শতাংশ সম্পদ বাজেয়াপ্তের মাধ্যমে সরকারি অনুকূলে নিয়ে জুলাই অভ্যুত্থানে শহীদ ও আহতদের বণ্টনের নির্দেশ দেওয়া হয়েছে। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) দুপুর সোয়া ১২টায় এ রায় ঘোষণা করেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক ২ এর পাতায় দেখুন

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের স্থায়ী কমিটিতে এমপি ড. মাসুদ

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ জাতীয় সংসদের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য হয়েছেন। এর মাধ্যমে জাতীয় গণমাধ্যম নীতি, তথ্য ও সম্প্রচার খাতের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সংসদীয় আলোচনায় ভূমিকা রাখার সুযোগ পেলেন তিনি। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) জাতীয় সংসদে এই ২ এর পাতায় দেখুন

বরিশাল বিভাগে ২ হাজার ৫৯৯ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নেই প্রধান শিক্ষক

কীর্তনখোলা রিপোর্ট

বিদ্যালয় আছে, শিক্ষার্থী আছে। শিক্ষকও আছেন। কিন্তু নেই বিদ্যালয়ের প্রধান। বরিশাল বিভাগের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর বড় একটি অংশে এভাবেই চলছে শিক্ষা কার্যক্রম। বিভাগের ৬ হাজার ২৪৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ২ হাজার ৫৯৯টিতেই নেই প্রধান শিক্ষক। অর্থাৎ প্রতি ১০টি বিদ্যালয়ের প্রায় চারটিই চলছে প্রধান শিক্ষক ছাড়াই। এর সঙ্গে যুক্ত হয়েছে সহকারী শিক্ষক সংকটও। ছয় জেলায় ২ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রীর বক্তব্যের সময় বিদ্যুৎ বিচ্ছিন্ন, জিএম স্ট্যান্ড রিলিজ

পিরোজপুর প্রতিনিধি

ডেঙ্গু প্রতিরোধে দেশব্যাপী পরিচ্ছন্নতা অভিযান জোরদার করার লক্ষ্যে ভার্চুয়াল কনফারেন্সে যুক্ত হন প্রধানমন্ত্রী তারেক রহমান (এমপি)। এ উপলক্ষে শনিবার (১২ সেপ্টেম্বর) সকাল ৯টায় পিরোজপুরের কাউখালী উপজেলা মিলনায়তনে সরাসরি সম্প্রচার অনুষ্ঠানের আয়োজন করা হয়। কিন্তু বক্তব্য শুরু হওয়ার মাত্র এক মিনিটের মাথায় কনফারেন্স স্থলের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায় এবং কিছুক্ষণ পর ফিরে আসে। পুরো উপজেলায় বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক থাকা সত্ত্বেও কেবল মিলনায়তনে এমন ঘটনা ঘটায় স্থানীয়দের মাঝে চরম ক্ষোভের সৃষ্টি হয়। এ ঘটনার পরদিন রোববার (১৩ সেপ্টেম্বর) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের পল্লী বিদ্যুৎ সমিতির মানব সম্পদ পরিদপ্তরের পরিচালক (প্রশাসন) ২ এর পাতায় দেখুন



সুশাসন ও আইনশৃঙ্খলা উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে সরকার

গণপূর্ত প্রতিমন্ত্রী

ঝালকাঠি প্রতিনিধি

গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহম্মদ সোহেল মনজুর বলেছেন, উন্নয়ন বঞ্চিত ঝালকাঠির জনগণের সার্বিক উন্নয়নে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। তিনি বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন, দুর্নীতি ও মাদকের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং সুশাসন নিশ্চিত করা সরকারের অন্যতম প্রধান অগ্রাধিকার। ঝালকাঠি জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি, দুর্নীতি ও মাদক নিয়ন্ত্রণ, সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং জনকল্যাণ ও উন্নয়নমূলক কার্যক্রমসহ সরকারি কার্যাবলী তদারকি ও সমন্বয়ের লক্ষ্যে আয়োজিত বিশেষ সভায় প্রধান অতিথির বক্তব্যে আহম্মদ সোহেল মনজুর এসব কথা বলেন। প্রতিমন্ত্রী আরও বলেন, সরকারি সেবায় যেকোনো অনিয়ম, দুর্নীতি ও হয়রানি রোধে সরকার অত্যন্ত কঠোর অবস্থানে রয়েছে। জনগণের প্রত্যাশা অনুযায়ী দ্রুত, স্বচ্ছ ও জবাবদিহিমূলক সেবা নিশ্চিত করতে সবাইকে দায়িত্বশীলতার সঙ্গে কাজ করতে হবে। ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

ডিজিটাল প্রতারণা

প্রযুক্তির উৎকর্ষের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) ব্যবহার বেড়েই চলছে। চাকরির ক্ষেত্র থেকে শুরু করে ব্যবসা-বাণিজ্য, এমনকি দৈনন্দিন অনেক কাজই সহজ করে দিয়েছে এআই, একইভাবে সময়ও কমিয়ে দিয়েছে। সংগত কারণেই অনেকে এআইনির্ভর হয়ে পড়ছে। অন্যদিকে একটি চক্র এই উন্নত প্রযুক্তিকেই বানিয়েছে প্রতারণার হাতিয়ার। বাংলাদেশসহ বিশ্বের নানা দেশে প্রতারকরা এআই ব্যবহার করে সাধারণ মানুষকে ফাঁদে ফেলছে। প্রকাশিত খবরে জানা গেছে, কক্সবাজারে অন্তত ৩০০ সদস্যের চীনা প্রতারকচক্র বড় ধরনের ফাঁদ পেতেছিল। তাদের টার্গেটে ছিলেন চীন, দক্ষিণ কোরিয়া ও ভিয়েতনামের পুঁজিবাজারের ক্ষুদ্র বিনিয়োগকারীরা। শুধু তা-ই নয়, চক্রটির নজর বাংলাদেশের পুঁজিবাজারের দিকেও ছিল। স্বস্তির কথা হলো, পুলিশের চৌকস ভূমিকায় ওই চক্রের পরিকল্পনা ফাঁস হয়ে যায়। এরই মধ্যে কক্সবাজারে ওই চক্রের বিরুদ্ধে মামলাও করা হয়েছে। খবরে বলা হয়েছে, চীনা চক্রটি কক্সবাজারে হোটেল ভাড়া করে প্রতারণার জাল ছড়িয়েছিল। কক্সবাজারে রিসোর্টে চক্রটি ডিজিটাল আধুনিক ল্যাব স্থাপন করেছিল। তারা সামাজিক মাধ্যমে নানাভাবে আস্থা তৈরির কাজ করছিল। চক্রের পক্ষ থেকে বলা হতো, বিনিয়োগ করলে বিপুল মুনাফা পাওয়া যাবে। তাদের কথায় আস্থা রেখে বিনিয়োগ করলে একসময় সর্বস্ব নিঃশেষ হয়ে যেত। জানা গেছে, শুধু কক্সবাজার নয়, দেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে আছে চক্রটির নেটওয়ার্ক। পুলিশের তথ্য অনুযায়ী, এই প্রতারকচক্রের সঙ্গে সরাসরি জড়িত ৯৪ জন চীনা নাগরিকের সন্ধান পাওয়া গেছে। এ ছাড়া কক্সবাজার পুলিশ চক্রটির আরো অন্তত ২৯৫ জন চীনা নাগরিকের পাসপোর্ট নম্বর সংগ্রহ করেছে। একটি রিসোর্টে আন্তর্জাতিক ডিজিটাল প্রতারকচক্রের ঘাঁটির সন্ধান পেয়ে পুলিশ সদস্যরা সেখানে অভিযান চালিয়ে অন্তত পাঁচ সদস্যকে গ্রেপ্তার করতে সক্ষম হন। বিশেষজ্ঞরা বলছেন, প্রযুক্তি আমাদের যেমন সুবিধা দিচ্ছে, অন্য দিক বিবেচনায় নিলে ডিজিটাল দুনিয়ায় নিরাপত্তা নিয়েও উদ্বেগ তৈরি হচ্ছে। অনেকের একটি বড় সময় কাটে সামাজিক মাধ্যমে। আর প্রতারকরা সেখানেই ওত পেতে থাকে। মানুষের ব্যক্তিগত তথ্য হাতিয়ে নিয়ে জিম্মি করার ঘটনা হামেশাই ঘটছে। কিছুদিন আগে কালের কণ্ঠে প্রকাশিত খবরে বলা হয়েছে, অ্যাপসের মাধ্যমে ঋণ দেওয়ার প্রলোভন দেখিয়েও অনেকের সঙ্গে প্রতারণা করা হচ্ছে। এ ছাড়া সাম্প্রতিক সময়ে অনলাইনে জুয়া ব্যাপক মাত্রায় ছড়িয়ে পড়েছে। সাইবার অপরাধীদের একটি বড় অংশ অনলাইন প্রতারণায় সক্রিয়। জানা গেছে, জুয়ার ওয়েবসাইটগুলোর 'এমএফএস' অ্যাকাউন্টের মাধ্যমে প্রতিদিন হাজার কোটি টাকার বেশি লেনদেন হয়। এর বেশির ভাগ অর্থ আন্তর্জাতিক চক্রের মাধ্যমে বিদেশে পাচার হয়ে যায়। এটি ঠিক যে আমাদের দেশের মানুষের মধ্যে ডিজিটাল নিরাপত্তা নিয়ে সচেতনতা কম। পাসওয়ার্ড, পিন কোডের মতো সাধারণ বিষয়েও সুরক্ষাজ্ঞানও অনেকের নেই। এই সুযোগও নিয়ে থাকে প্রতারকচক্র। কাজেই ডিজিটাল প্রতারণা রোধে আইনের পাশাপাশি সাধারণ মানুষকেও সচেতন হতে হবে। আমরা মনে করি, কক্সবাজারে যে চীনা চক্রের সন্ধান পাওয়া গেছে, তাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে। এই চক্রের সঙ্গে কে বা কারা জড়িত, সেসবের আদ্যোপান্ত বের করতে হবে। একই সঙ্গে দেশে ডিজিটাল প্রতারকদের চিহ্নিত করতে প্রযুক্তির সহায়তা নিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ জন্য পুলিশের সক্ষমতা আরো বাড়ানো প্রয়োজন।

সুশাসন ও আইনশৃঙ্খলা উন্নয়নকে

ঝালকাঠি জেলা প্রশাসক মো. মমিন উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশেষ এ সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য রফিকুল ইসলাম জামাল। সভায় ঝালকাঠি জেলার চলমান ও প্রস্তাবিত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের অগ্রগতি নিয়েও আলোচনা করা হয়। এতে জেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতিনিধি এবং সংশ্লিষ্ট ব্যক্তবর্গ উপস্থিত ছিলেন।

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে সচেতনতার

জনসচেতন মূলক বক্তব্য রাখেন আগৈলঝাড়া থানার ওসি মোহাম্মদ মাসুদ খান। তিনি প্রশিক্ষণে অংশ নেওয়া নারী সদস্যদের উদ্দেশে বিভিন্ন সামাজিক সমস্যা ও অপরাধ প্রতিরোধে সচেতন হওয়ার বিষয়ে দিকনির্দেশনামূলক বক্তব্য দেন। তিনি বলেন, বাল্যবিবাহ একটি সামাজিক ব্যাধি। বাল্যবিবাহের কারণে একটি মেয়ের শিক্ষা, স্বাভাবিক বিকাশ ও ভবিষ্যৎ জীবন বাধাগ্রস্ত হয়। তাই পরিবারের পাশাপাশি সমাজের প্রত্যেক সচেতন নাগরিককে বাল্যবিবাহ প্রতিরোধে এগিয়ে আসতে হবে। কোথাও বাল্যবিবাহের আয়োজন হলে দ্রুত প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীকে জানাতে হবে। তিনি আরও বলেন, মাদক শুধু একজন ব্যক্তিকে ধ্বংস করে না, একটি পরিবার ও সমাজকেও ধ্বংসের দিকে নিয়ে যায়। তরুণ প্রজন্মকে মাদক থেকে দূরে রাখতে পরিবারের সদস্যদের আরও সচেতন হতে হবে। পাশাপাশি ইভটিজিং ও নারীর প্রতি হয়রানির বিরুদ্ধে সবাইকে সোচ্চার হতে হবে। মোবাইল ফোন ও সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারের বিষয়ে ওসি মাসুদ খান বলেন, বর্তমান সময়ে মোবাইল ফোন মানুষের দৈনন্দিন জীবনের গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠেছে। তবে এর অপব্যবহার যেন কোনোভাবেই সামাজিক ও পারিবারিক জীবনে নেতিবাচক প্রভাব না ফেলে, সেদিকে সবাইকে সতর্ক থাকতে হবে। বিশেষ করে শিশু-কিশোরদের মোবাইল ব্যবহারের ক্ষেত্রে অভিভাবকদের নজরদারি প্রয়োজন। একই সঙ্গে তিনি সবাইকে 'মব কালচার' থেকে দূরে থাকার পরামর্শ দিয়ে বলেন, কোনো ঘটনা ঘটলে আইন নিজের হাতে তুলে না নিয়ে আইনশৃঙ্খলা বাহিনীকে খবর দিতে হবে। অভিযোগের সত্যতা যাচাই না করে কাউকে অপমান, মারধর বা শাস্তি দেওয়ার অধিকার কারও নেই। তিন দিনব্যাপী এ প্রশিক্ষণে মহিলা উন্নয়ন অনুবিভাগের সুফলভোগী সদস্যদের দক্ষতা উন্নয়ন, আত্মকর্মসংস্থান ও বিভিন্ন সামাজিক বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ দেওয়া হবে। এ সময় বিআরডিবির কর্মকর্তা-কর্মচারী, প্রশিক্ষক ও প্রশিক্ষণে অংশ নেওয়া নারী সদস্যরা উপস্থিত ছিলেন।

কাদের আরাফাত-সাদ্দামসহ

প্যানেল। প্যানেলের বাকি দুই সদস্য হলেন বিচারক মো. মঞ্জুরুল বাছিদ ও বিচারক নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর। রায় পড়ার শুরুতেই এ মামলার তদন্ত কর্মকর্তা, প্রসিকিউশন, সাংবাদিকসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান বিচারপতি নজরুল ইসলাম। একইসঙ্গে মামলার প্রয়োজনীয় কাগজপত্র ২৫ কেজি হয়েছিল বলে জানান। এছাড়া আসামিরা উপস্থিত থাকলে পুরো রায় পড়া যেতো বলেও মন্তব্য করেন তিনি। এরপর চার অভিযোগে কাকে কী দণ্ড দেওয়া হয়েছে, তা ঘোষণা করেন ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান। মৃত্যুদণ্ড পাওয়া বাকি ছয়জন হলেন–আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম, সাবেক তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত, যুবলীগের সভাপতি শেখ ফজলে শামস পরশ, সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিল, ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক ওয়ালি আসিফ ইনান। এর মধ্যে ওবায়দুল কাদেরকে ১ নম্বর অভিযোগে দোষী সাব্যস্ত করে মৃত্যুদণ্ড, ২ নম্বর অভিযোগে দোষী সাব্যস্ত করে আমৃত্যু কারাদণ্ড, ৩ নম্বর অভিযোগে দোষী সাব্যস্ত করে মৃত্যুদণ্ড এবং ৪ নম্বর অভিযোগে দোষী সাব্যস্ত করে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। বাহাউদ্দিন নাছিমকে ১ নম্বর অভিযোগে দোষী সাব্যস্ত করে আমৃত্যু কারাদণ্ড দেন ট্রাইব্যুনাল। ২ নম্বর অভিযোগ থেকে খালাস পান তিনি। ৩ ও ৪ নম্বর অভিযোগ একত্রে বিবেচনায় নিয়ে দোষী সাব্যস্ত করে মৃত্যুদণ্ড দেওয়া হয়। মোহাম্মদ আলী আরাফাতকেও ১ ও ৪ নম্বর অভিযোগ একত্রে বিবেচনায় নিয়ে দোষী সাব্যস্ত করে মৃত্যুদণ্ড দেন ট্রাইব্যুনাল। ২ নম্বর অভিযোগে দোষী সাব্যস্ত করে আমৃত্যু কারাদণ্ড দেওয়া হয়। ৩ নম্বর অভিযোগ থেকে খালাস পান তিনি। পরশকে ১ নম্বর অভিযোগ থেকে খালাস দেন ট্রাইব্যুনাল। ২ নম্বর অভিযোগে দোষী সাব্যস্ত করে আমৃত্যু কারাদণ্ড, ৩ নম্বর অভিযোগে মৃত্যুদণ্ড এবং ৪ নম্বর অভিযোগে মৃত্যুদণ্ড দেওয়া হয়। নিখিলকে ১ নম্বর অভিযোগে দোষী সাব্যস্ত করে আমৃত্যু কারাদণ্ড দেওয়া হয়। ২, ৩ ও ৪ নম্বর অভিযোগে দোষী সাব্যস্ত করে আলাদা ধারায় মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। সাদ্দামকে ১ ও ২ নম্বর অভিযোগে দোষী সাব্যস্ত করে আলাদা আলাদা আমৃত্যু কারাদণ্ড দেন ট্রাইব্যুনাল। ৩ ও ৪ নম্বর অভিযোগ একত্রে বিবেচনায় নিয়ে দোষী সাব্যস্ত করে মৃত্যুদণ্ড দেওয়া হয়। ইনানকে ১ ও ২ নম্বর অভিযোগে পৃথকভাবে আমৃত্যু কারাদণ্ড দেওয়া হয়েছে। ৩ ও ৪ নম্বর অভিযোগ একত্রে বিবেচনায় নিয়ে দোষী সাব্যস্ত করে মৃত্যুদণ্ড দেন আদালত। এছাড়া ওবায়দুল কাদের, নাছিম, আরাফাত, পরশ ও নিখিলের সব স্থাবর ও অস্থাবর সম্পত্তির ৫০ শতাংশ বাজেয়াপ্ত করার আদেশ দেওয়া হয়। বাজেয়াপ্ত সম্পত্তি বিক্রির অর্থ থেকে ২০২৪ সালের জুলাই-আগস্ট অভ্যুত্থানে নিহত ও আহত ব্যক্তি বা তাদের পরিবারকে জুলাই ফাউন্ডেশন বা অন্য কোনো বিধিবদ্ধ প্রতিষ্ঠানের মাধ্যমে ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দেন ট্রাইব্যুনাল। ট্রাইব্যুনালে প্রসিকিউশনের পক্ষে চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম, প্রসিকিউটর গাজী এমএইচ তামিম, প্রসিকিউটর ফারুক আহাম্মদ, আবদুস সোবহান তরফদার, জহিরুল আমিন, মঈনুল করিমসহ অন্যান্য প্রসিকিউটর। এছাড়া এ মামলায় সাক্ষ্য দেওয়া কয়েকজন সাক্ষীও উপস্থিত ছিলেন। প্রসিকিউশনের আনা অভিযোগ অনুযায়ী আসামিরা জুলাই-আগস্টে আন্দোলন দমনে সমন্বিতভাবে নির্দেশ, প্ররোচনা ও উসকানিমূলক বক্তব্য দেন। নেতাকর্মীদের রাজপথে নামিয়ে প্রতিরোধ গড়ে তুলতে আহ্বান জানানোসহ একাধিক বৈঠকে সহিংসতার পরিকল্পনা করেন। কোথাও কোথাও সশস্ত্র হামলা, কঠোর দমন-পীড়ন ও গণমাধ্যম নিয়ন্ত্রণে ভূমিকা রাখেন। তাদের এসব কর্মকাণ্ডের ফলে দেশজুড়ে হত্যা, হত্যাচেষ্টা ও ব্যাপক সহিংসতা সংঘটিত হয় বলে উল্লেখ করা হয়।

ভারতে টি-টোয়েন্টি বিশ্বকাপ

জানায়, 'যুব ও ক্রীড়া সচিবকে সংবাদ সম্মেলনে যোগ দেওয়ার জন্য ডাকার পর আসিফ নজরুল নিজেই তার সিদ্ধান্ত জানান।' প্রতিবেদন প্রকাশ উপলক্ষে জাতীয় ক্রীড়া পরিষদে সংবাদ সম্মেলনে তদন্ত কমিটির সদস্য ব্যারিস্টার ফয়সাল বলেন, '(বিশ্বকাপে না যাওয়ার জন্য) যে মানুষটি দায়ী, তিনি হলেন তৎকালীন যুব ও ক্রীড়া উপেদষ্টা আসিফ নজরুল। সেই সময়ের সরকার ও তিনি দায়ী।' ওই সময়ের বোর্ড পরিচালক ও ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান নাজমূল আবেদীন তদন্ত কমিটির কাছে বলেন, 'ক্রিকেটারদের বিশ্বকাপে যাওয়ার ইচ্ছে ছিল। তবে সরকার যদি এরকম সিদ্ধান্ত নেয়, ক্রিকেট বোর্ড সেই সিদ্ধান্ত মানতে বাধ্য।' তদন্ত কমিটির প্রতিবেদনেও এমন তথ্য উঠে এসেছে। প্রতিবেদনে বলা হয়, '(তৎকালীন) ক্রীড়া সচিব পরামর্শ দিয়েছিলেন, বিসিবির সঙ্গে যোগাযোগ করা উচিত, যেহেতু বিসিবি একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। তবে সাবেক বিসিবি সভাপতি বুলবুল প্রবল চাপে ছিলেন, যেহেতু তিনি আসিফ নজরুলের সিদ্ধান্তের বিরুদ্ধে কিছু বলতে পারছিলেন না। বিসিবির সহসভাপতি ও সাবেক সভাপতি ফারুক আহমেদের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি মতামত দেন, বিশ্বকাপে খেলতে যাওয়া উচিত।' বিশ্বকাপে না খেলার কারণ সম্পর্কে প্রতিবেদনে বলা হয়, 'রাজনৈতিক উত্তেজনা, নিরাপত্তা নিয়ে মতবিরোধ, আইসিসির গভর্ন্যান্স সংঘাত, প্রশাসনিক অব্যবস্থাপনা এবং ব্যর্থ আলোচনা।' বাংলাদেশের ক্রিকেটে এই সিদ্ধান্তের প্রভাবের কথা তুলে ধরা হয় প্রতিবেদনে। এতে বলা হয়, 'সবচেয়ে বড় ট্র্যাজেডি ছিল, ক্রিকেটাররা এবং সমর্থকরাই সবচেয়ে বেশি ভুগেছেন।' উল্লেখ্য, এর আগে তৎকালীন অন্তর্বর্তী সরকারের নির্দেশনা ও নিরাপত্তা ইস্যুতে ভারতে দল না পাঠানোর সিদ্ধান্ত নিয়েছিল বিসিবি। এর ফলে ২০ দল নিয়ে আয়োজিত সবশেষ টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের জায়গায় সুযোগ পায় স্কটল্যান্ড। এই জটিলতার শুরু হয়েছিল গত ৩ জানুয়ারি। সেদিন ভারত ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) নির্দেশে আইপিএলের দল কলকাতা নাইট রাইডার্স বাংলাদেশের পেসার মোস্তাফিজুর রহমানকে ছেড়ে দেয়। এরপর ক্রমাগত আলোচনা চললেও আইসিসি বা বিসিবি-কেউই নিজেদের অবস্থান থেকে সরেনি। শেষ পর্যন্ত এই অচলাবস্থার বলি হয়ে বিশ্বকাপ থেকে ছিটকে যেতে হয় বাংলাদেশ দলকে।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের

কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গত ২ সেপ্টেম্বর জাতীয় সংসদ অধিবেশনে এ কমিটি গঠন করা হয়। বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও ঢাকা-২ আসনের এমপি মোঃ আমানউল্লাহ আমানকে কমিটির সভাপতি করা হয়েছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটি মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনা, জবাবদিহি নিশ্চিতকরণ এবং প্রয়োজনীয় সুপারিশ দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ফলে ড. মাসুদের সামনে গণমাধ্যমের স্বাধীনতা, তথ্যের অবাধ প্রবাহ, সম্প্রচারব্যবস্থার আধুনিকায়ন ও সাংবাদিকদের পেশাগত পরিবেশসহ জাতীয় গুরুত্বপূর্ণ ইস্যুতে কাজ করার সুযোগ তৈরি হয়েছে। স্থানীয়দের প্রত্যাশা, জাতীয় পর্যায়ে নতুন এই দায়িত্ব পালনের পাশাপাশি বাউফলের নদীভাঙন, সড়ক যোগাযোগ, স্বাস্থ্যসেবা, শিক্ষা, কর্মসংস্থান ও অবকাঠামোগত সমস্যাগুলোও তিনি সংসদে আরও জোরালোভাবে তুলে ধরবেন। রাজনীতির মাঠ থেকে সংসদ, আর এবার জাতীয় গণমাধ্যম নীতির আলোচনার টেবিলে ড. শফিকুল ইসলাম মাসুদের জন্য এটি নতুন এক অধ্যায়ের সূচনা।

প্রধানমন্ত্রীর বক্তব্যের সময় বিদ্যুৎ

মোহাম্মদ মইনুল হাসান স্বাক্ষরিত অফিস আদেশে পল্লী বিদ্যুৎ সমিতির পিরোজপুরের জেনারেল ম্যানেজার (জিএম) মো. আলতাপ হোসেনকে পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত পল্লী বিদ্যুতায়ন বোর্ড বরিশাল জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়ে সংযুক্ত করার আদেশ দেওয়া হয়। সোমবার (১৪ সেপ্টেম্বর) রাতে বিষয়টি নিশ্চিত করেছেন পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির অতিরিক্ত দায়িত্বরত জেনারেল ম্যানেজার মো. কামরুজ্জামান। অফিস আদেশে আরও উল্লেখ করা হয়, জিএম মো. আলতাপ হোসেনকে সোমবার (১৪ সেপ্টেম্বর) সংযুক্তিকৃত দপ্তরে যোগদান করার জন্য বলা হলো। একইসঙ্গে পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির জ্যেষ্ঠ ডেপুটি জেনারেল ম্যানেজারকে তার নিজ দায়িত্বের পাশাপাশি আর্থিক ও প্রশাসনিক ক্ষমতাসহ জিএম এর অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (অ.দা.) রাইসুল ইসলাম বলেন, আমি আগেই পল্লী বিদ্যুৎ সমিতিকে বিষয়টি অবগত করেছিলাম। তারপরও প্রধানমন্ত্রীর বক্তব্য চলাকালে হঠাৎ বিদ্যুৎ চলে যায়। তবে উপজেলা পরিষদের অন্য জায়গায় বিদ্যুৎ ছিল। কমিউনিকেশন গ্যাপ হওয়ার কারণে এটা হয়েছে বলে মনে হচ্ছে। পরবর্তীতে শুনেছি জেলা পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তাকে বরিশালে সংযুক্ত করা হয়েছে। পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার (অ.দা.) মো. কামরুজ্জামান বলেন, ইউএনওর অফিসে নাকি বিদ্যুৎ ছিল না, ওখানকার সিএ অভিযোগ দিয়েছে যে তাদের অফিসের বিদ্যুৎ নেই। আমাদের লাইনম্যান যারা ছিল তারা গিয়েও দেখেছে অফিস বিদ্যুৎ নেই। আমাদের কর্মচারীদের ধারণা ছিল ইউএনও অফিসেই মনে হয় মিটিং হচ্ছে এজন্য লাইন বন্ধ করেছিল। লাইন বন্ধ করলে মিটিং স্থানেও বিদ্যুৎ বন্ধ হয়ে যায়, তখনই সেখানকার বিদ্যুৎ অফিসের ইনচার্জকে কল দিয়ে বিষয়টি জানায় এবং এই কথোপকথনের মধ্যে দুই মিনিট বিদ্যুৎ বন্ধ ছিল। ধারণা করা হচ্ছে এজন্যই জিএমকে বরিশালে সংযুক্ত করা হয়েছে।

বরিশাল বিভাগে ২ হাজার ৫৯৯ সরকারি

সহকারী শিক্ষকের ৩ হাজার ২৯টি পদ শূন্য। শুধু বিদ্যালয়েই নয়, প্রাথমিক শিক্ষার মাঠপর্যায়ের তদারকি ব্যবস্থাতেও দেখা দিয়েছে বড় ধরনের জনবল সংকট। ছয় জেলা প্রাথমিক শিক্ষা অফিসে ৭০টি পদের মধ্যে ৩১টি এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসগুলোতে ৫৩৯টি পদের মধ্যে ৩১৩টিই শূন্য। ফলে বিদ্যালয়ের নেতৃত্ব, শ্রেণিকক্ষের শিক্ষক এবং প্রশাসনিক তদারকি প্রাথমিক শিক্ষার গুরুত্বপূর্ণ তিন স্তরেই তৈরি হয়েছে বড় শূন্যতা। বরিশাল বিভাগীয় প্রাথমিক শিক্ষার উপপরিচালকের কার্যালয়ের তথ্য বিশ্লেষণ করে এই চিত্র পাওয়া গেছে। পরিস্থিতি সবচেয়ে খারাপ বরিশাল জেলায়। জেলার ১ হাজার ৫৮৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৯৩৩টিতেই প্রধান শিক্ষক নেই। অর্থাৎ জেলার অর্ধেকেরও বেশি বিদ্যালয় চলছে প্রধান শিক্ষক ছাড়াই। উপজেলাভিত্তিক তথ্যেও সংকটের ভয়াবহতা স্পষ্ট। আগৈলঝাড়ায় ৯৭টি বিদ্যালয়ের মধ্যে ৬০টিতে, উজিরপুরে ১৮১টির মধ্যে ১১১টিতে, গৌরনদীতে ১৩১টির মধ্যে ৯০টিতে, বরিশাল সদরে ২০১টির মধ্যে ৭২টিতে, বাকেরগঞ্জে ২৭৯টির মধ্যে ১৮১টিতে, বানারীপাড়ায় ১২৬টির মধ্যে ৮৭টিতে, বাবুগঞ্জে ১৩৪টির মধ্যে ৭৬টিতে, মুলাদীতে ১৩৯টির মধ্যে ৯০টিতে, মেহেন্দীগঞ্জে ২০৮টির মধ্যে ১১৩টিতে এবং হিজলায় ৯২টির মধ্যে ৫৩টি বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই। বিভাগের অন্য পাঁচ জেলাতেও চিত্র খুব একটা ভিন্ন নয়। পটুয়াখালীর ১ হাজার ২৩৫টি বিদ্যালয়ের মধ্যে ৩৯১টিতে, পিরোজপুরের ৯৮৯টির মধ্যে ৩৪০টিতে, ভোলার ১ হাজার ৪৭টির মধ্যে ৪২৮টিতে, বরগুনার ৭৯৯টির মধ্যে ৩০৬টিতে এবং ঝালকাঠির ৫৮৫টির মধ্যে ২০৯টি বিদ্যালয়ে নেই প্রধান শিক্ষক। তবে শূন্য পদ থাকলেও সব বিদ্যালয় যে প্রধান শিক্ষকহীন, তা নয়। বিভাগের ৩ হাজার ৬৪৪টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন শিক্ষক। তাঁদের মধ্যে ১ হাজার ১৪ জনই আছেন চলতি দায়িত্বে। অর্থাৎ স্থায়ী প্রধান শিক্ষক নিয়োগ বা পদোন্নতির বদলে বছরের পর বছর অস্থায়ী ব্যবস্থায় বিদ্যালয়ের নেতৃত্ব সামলানো হচ্ছে। প্রধান শিক্ষক একটি বিদ্যালয়ের শুধু প্রশাসনিক প্রধান নন। শিক্ষকরা নিয়মিত বিদ্যালয়ে আসছেন কি না, শ্রেণিকক্ষে পাঠদান ঠিকভাবে হচ্ছে কি না, শিক্ষার্থীদের অগ্রগতি কেমন, বিদ্যালয়ের শৃঙ্খলা ও একাডেমিক কার্যক্রম এসবের তদারকির মূল দায়িত্ব তাঁর। ফলে দীর্ঘদিন ধরে পদটি শূন্য থাকায় বিদ্যালয়ের দৈনন্দিন কার্যক্রম কতটা কার্যকরভাবে পরিচালিত হচ্ছে, তা নিয়ে প্রশ্ন উঠছে। এর সঙ্গে যোগ হয়েছে সহকারী শিক্ষক সংকট। ছয় জেলায় সহকারী শিক্ষকের অনুমোদিত পদ ৩৩ হাজার ১২৩টি। কর্মরত আছেন ৩০ হাজার ৯৪ জন। ফলে শূন্য রয়েছে ৩ হাজার ২৯টি পদ। এর মধ্যে বরিশালে ৬২৯টি, পটুয়াখালীতে ৭৭৫টি, পিরোজপুরে ৪৯৬টি, ভোলায় ৪৬৪টি, বরগুনায় ৩৮০টি এবং ঝালকাঠিতে ২৮৫টি পদ শূন্য। অর্থাৎ কোথাও প্রধান শিক্ষক নেই, কোথাও সহকারী শিক্ষক কম, আবার কোনও কোনও বিদ্যালয়ে দুই ধরনের সংকটই রয়েছে। এতে কর্মরত শিক্ষকদের ওপর বাড়ছে কাজের চাপ। শ্রেণিকক্ষে পর্যাপ্ত সময় দেওয়া, নিয়মিত পাঠদান এবং পিছিয়ে থাকা শিক্ষার্থীদের আলাদা করে নজর দেওয়ার মতো গুরুত্বপূর্ণ কাজগুলোও এতে ব্যাহত হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান শাহিন বলেন, ২০০৯ সাল থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের প্রধান শিক্ষক পদে পদোন্নতি বন্ধ রয়েছে। ২০১৭ সালে কিছু জ্যেষ্ঠ সহকারী শিক্ষককে প্রধান শিক্ষকের চলতি দায়িত্ব দেওয়া হলেও তাদের স্থায়ীভাবে পদোন্নতি দেওয়া হয়নি। এর মধ্যে অনেকে অবসরে গেছেন, অনেকে মারা গেছেন। কিন্তু শূন্য পদগুলো পূরণে নতুন করে পদোন্নতির উদ্যোগ নেওয়া হয়নি। তিনি বলেন, বছরের পর বছর প্রধান শিক্ষক পদ শূন্য থাকায় বিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। শিক্ষকদের তদারকি, প্রশাসনিক কাজ পরিচালনা এবং পাঠদানের মান নিশ্চিত করা কঠিন হয়ে পড়েছে। দ্রুত পদোন্নতির মাধ্যমে শূন্য পদ পূরণ না করলে সংকট আরও বাড়বে। বিদ্যালয়ের বাইরে তদারকি ব্যবস্থাতেও জনবল সংকট প্রকট। বিভাগের ছয় জেলা প্রাথমিক শিক্ষা অফিসে ৭০টি পদের বিপরীতে কর্মরত আছেন মাত্র ৩৯ জন। শূন্য রয়েছে ৩১টি পদ। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসগুলোতে ৫৩৯টি পদের বিপরীতে কর্মরত ২২৬ জন। শূন্য ৩১৩টি পদ। বিভাগীয় উপপরিচালকের কার্যালয়েও ১৪টি পদের মধ্যে ৫টি শূন্য। সচেতন মহল বলছে, প্রাথমিক শিক্ষার মাঠপর্যায়ের তদারকির দায়িত্ব যাদের, তাদেরই যদি বড় অংশের পদ শূন্য থাকে, তাহলে বিদ্যালয় পরিদর্শন, শিক্ষকদের জবাবদিহি এবং শিক্ষার মান পর্যবেক্ষণ কতটা কার্যকরভাবে হচ্ছে। সুজন বরিশাল জেলার সাধারণ সম্পাদক রনজিৎ দত্ত বলেন, এটিকে শুধু শূন্য পদের হিসাব হিসেবে দেখার সুযোগ নেই। এর সরাসরি প্রভাব পড়ছে একটি প্রজন্মের শিক্ষার ওপর। দ্রুত প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক নিয়োগের পাশাপাশি শিক্ষা অফিসের শূন্য পদ পূরণ, নিয়মিত বিদ্যালয় পরিদর্শন ও জবাবদিহি নিশ্চিত করতে হবে। দেশের ভবিষ্যৎ নাগরিক তৈরির প্রাথমিক স্তরে এমন অব্যবস্থাপনা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। বরিশাল বিভাগীয় প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মীর জাহিদুল কবির তুহিন বলেন, পুরো বিষয়টি মন্ত্রণালয়কে জানানো হয়েছে। নিয়োগপ্রক্রিয়া শুরু হলে সমস্যার অনেকটাই সমাধান হবে।

সুপারি উৎপাদনে সমৃদ্ধ বরিশাল

জমিতে সুপারি আবাদ হয়েছে। এসব জমি থেকে উৎপাদন হয়েছে ১ লাখ ৮ হাজার ৬৬৬ দশমিক ২ মেট্রিক টন সুপারি। উৎপাদনে সবচেয়ে এগিয়ে রয়েছে ভোলা জেলা। সেখানে প্রায় ১৩ হাজার ৫০০ হেক্টর জমিতে সুপারি আবাদ হয়েছে। আর এ থেকে উৎপাদন হয়েছে প্রায় ৬৮ হাজার মেট্রিক টন। বিভাগের মোট উৎপাদনের বড় একটি অংশই আসছে এ জেলা থেকে। এর পরে রয়েছে পিরোজপুর। এ জেলায় ৪ হাজার ৫৭৯ হেক্টর জমিতে উৎপাদন হয়েছে প্রায় ১৭ হাজার ৭১ মেট্রিক টন সুপারি। পটুয়াখালীতে ১ হাজার ৫৪৮ হেক্টর জমিতে উৎপাদন হয়েছে ১৫ হাজার ৩৩৯ মেট্রিক টন। বরগুনায় ৮১০ হেক্টর জমিতে উৎপাদন হয়েছে প্রায় ৫ হাজার ৬৭০ মেট্রিক টন। ঝালকাঠিতে ৪৮১ হেক্টর জমিতে উৎপাদন হয়েছে প্রায় ৮ হাজার ৬৬৬ মেট্রিক টন এবং বরিশাল জেলায় ১ হাজার ৫৪৪ হেক্টর জমিতে উৎপাদন হয়েছে প্রায় ১ হাজার ৭২০ মেট্রিক টন সুপারি। বরিশালের গ্রামাঞ্চলে সুপারি চাষের অন্যতম বৈশিষ্ট্য হলো–এর জন্য সবসময় আলাদা কৃষিজমির প্রয়োজন হয় না। বাড়ির আঙিনা, পুকুরপাড়, বসতভিটার ফাঁকা জায়গা কিংবা জমির আইলজুড়েও গড়ে ওঠে সুপারি বাগান। ফলে বাড়তি জমি ব্যবহার না করেই অনেক পরিবার দীর্ঘমেয়াদে এ গাছ থেকে বেশ ভালো আয় করার সুযোগ পাচ্ছেন। কৃষক জব্বার বলেন, 'আমাদের বসতভিটায় যে পরিমাণ সুপারি উৎপাদন হয়, তা দিয়ে পারিবারিক চাহিদা মেটানোর পরও কিছু সুপারি বিক্রি করি। এ টাকা ছেলে-মেয়ের পড়ালোখার খরচসহ সংসারের বিভিন্ন কাজে ব্যয় হয়।' লাহারহাট এলাকার শহবদুল ইসলাম ও দপদপিয়া এলাকার সাদ্দাম হোসেন জানান, বর্তমানে সুপারির বাজার ভালো। উৎপাদিত সুপারি বিক্রি করে তারা বাড়তি আয় করছেন। নিজেদের পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি অতিরিক্ত সুপারি বাজারে বিক্রি করেন তারা। কৃষকদের মতে, সারা বছর সুপারির চাহিদা থাকায় এটি তুলনামূলক লাভজনক ফসল। বিশেষ করে বরিশাল অঞ্চলের আবহাওয়া ও মাটি সুপারি চাষের জন্য বেশ উপযোগী। তাই অনুকূল আবহাওয়ায় এ ফসলের উৎপাদন বাড়ানোর যথেষ্ট সুযোগ রয়েছে। তবে রোগবালাই নিয়ন্ত্রণ, উন্নত জাতের চারা সরবরাহ, আধুনিক পরিচর্যা, সংরক্ষণ ও বাজারজাতকরণে আরও সুযোগ তৈরি করা প্রয়োজন বলে মনে করছেন সংশ্লিষ্টরা। পাশাপাশি কৃষক যেন উৎপাদিত সুপারির ন্যায্যমূল্য পান, সেদিকেও নজর দেওয়ার প্রয়োজন রয়েছে বলে তার অভিমত ব্যক্ত করেন। কৃষি বিজ্ঞানীদের মতে, পরিকল্পিতভাবে চাষ সম্প্রসারণ, উন্নত জাতের চারা সরবরাহ, কৃষকদের প্রশিক্ষণ এবং আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়াতে পারলে বরিশাল বিভাগে সুপারি উৎপাদন আরও বাড়ানো সম্ভব। একই সঙ্গে সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থা গড়ে তোলা গেলে উৎপাদন-পরবর্তী ক্ষতি কমবে এবং কৃষকরাও পেতে পারেন ভালো দাম। বর্তমান উৎপাদনের পরিসংখ্যানই বলে দিচ্ছে, বরিশাল বিভাগে সুপারি এখন আর কেবল বসতভিটার ঐতিহ্যবাহী গাছ নয়। ২২ হাজার ৮৪৬ হেক্টর জমিতে ১ লাখ ৮ হাজার ৬৬৬ মেট্রিক টনের বেশি উৎপাদন এ অঞ্চলে সুপারির ক্রমবর্ধমান অর্থনৈতিক গুরুত্বেরই প্রমাণ। পরিকল্পিত উদ্যোগ ও কৃষকবান্ধব বাজারব্যবস্থা নিশ্চিত করা গেলে সুপারি হয়ে উঠতে পারে বরিশাল বিভাগের অন্যতম শক্তিশালী অর্থকরী ফসল। বরিশাল বিভাগীয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক মোহাম্মদ রফিকুল ইসলাম বলেন, বরিশাল বিভাগের মাটি ও আবহাওয়া সুপারি চাষের জন্য অত্যন্ত উপযোগী। বসতভিটা ও বাণিজ্যিকভাবে সুপারি চাষের কারণে এ অঞ্চলে এর উৎপাদন ও অর্থনৈতিক গুরুত্ব দু'টিই বাড়ছে।

নগরীতে পরকীয়ার জের ধরে

ঘটনাস্থলে আসি। বাড়ির মালিককে সাথে নিয়ে তিনতলায় গিয়ে একটি কক্ষে নুরুজ্জামানের লাশ দেখতে পাই। রক্তাক্ত অবস্থায় লাশটি বিছানার ওপর পড়ে ছিল। তিনি বলেন, বাসায় নুরুজ্জামান এবং তার স্ত্রী নাছিমা বেগম ছাড়া আর কেউ ছিলেন না। বাড়ির সিসি ক্যামেরার ফুটেজে দেখা যায় গভীর রাতে দুইবার বাসার থেকে বের হন নাছিমা বেগম। এ সময় তার হাতে একটি ব্যাগ ছিল, যা নাছিমা তার ভাতিজির হাতে দিয়ে আসেন। ওই ভাতিজি ঘটনার সত্যতা স্বীকার করেছেন। তার ব্যাগ থেকে নিহতের মোবাইল এবং বাসার চাবিসহ বিভিন্ন জিনিসপত্র উদ্ধার করা হয়েছে। পুলিশের এই কর্মকর্তা আরও বলেন, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে পরিবারের ভিতর থেকেই এ হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে। বিশেষ করে নিহতের স্ত্রী এ কাজ করতে পারেন। ঘটনার পর থেকে তিনি পলাতক রয়েছেন। তাকে গ্রেপ্তারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে। স্থানীয়দের বরাতে তিনি বলেন, বিভিন্ন সূত্রে জানা গেছে- অন্য নারীর সঙ্গে নুরুজ্জামানের পরকীয়ার সম্পর্ক ছিল। এ নিয়ে পরিবারে কলহ চলছিল। সেই সম্পর্কের জের ধরে এই হত্যাকাণ্ড সংঘটিত হওয়ার সম্ভাবনা রয়েছে। পলাতক স্ত্রীকে খুঁজে বের করতে পারলেই বিষয়টি স্পষ্ট হবে।

দেশের সবচেয়ে দরিদ্র

স্ট্যাটিসটিকস-২০২৩-এর তথ্য অনুযায়ী, রাজধানীর বস্তিবাসীর প্রায় ১৩ শতাংশ বরিশালের। বরিশালকে একসময় শস্যভাণ্ডার বলা হলেও ধান উৎপাদনে এখন পিছিয়ে পড়ছে বিভাগটি। বিবিএসের ইয়ারবুক অব অ্যাগ্রিকালচারাল স্ট্যাটিসটিকস-২০২৫ অনুযায়ী, আউশ উৎপাদনে বরিশাল চতুর্থ, আমনে পঞ্চম এবং বোরো উৎপাদনে অষ্টম। ২০২৩-২৪ অর্থবছরে বিভাগটিতে আউশ উৎপাদন হয়েছিল ৪ লাখ ৩০ হাজার ২০ টন। পরের অর্থবছরে তা কমে দাঁড়ায় ৩ লাখ ৭৪ হাজার ৩৯৯ টনে। আমন উৎপাদনও ১৬ লাখ ৩৫ হাজার ৮৬৯ টন থেকে কমে ১৬ লাখ ১৬ হাজার ৭৫ টনে নেমেছে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতির অধ্যাপক এ এইচ এম সাইফুল ইসলাম বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে বরিশাল সবচেয়ে ঝুঁকিপূর্ণ অঞ্চলের একটি। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি ও লবণাক্ততা বাড়ায় অনেক জমিতে ফসল উৎপাদন ব্যাহত হচ্ছে। ফলে কৃষক বিকল্প হিসেবে চিংড়ি চাষসহ অন্য কাজে যাচ্ছেন। মৎস্যসম্পদেও একই চিত্র। বিভাগীয় মৎস্য অফিসের তথ্য অনুযায়ী, ২০২২-২৩ অর্থবছরে বরিশালে ৩ লাখ ৭২ হাজার টন ইলিশ উৎপাদন হলেও ২০২৫-২৬ অর্থবছরে তা কমে হয়েছে ২ লাখ ৬৬ হাজার টন। তিন বছরে উৎপাদন কমেছে প্রায় ২৮ দশমিক ৫ শতাংশ। বিবিএসের ২০২৫ সালের এক জরিপে দেখা যায়, ধান, গম ও শস্য উৎপাদনে বরিশালের কৃষকদের বার্ষিক নিট আয় মাত্র ৬ হাজার ৮১ টাকা আট বিভাগের মধ্যে সর্বনিম্ন। ভোলায় রয়েছে প্রাকৃতিক গ্যাসের বড় মজুদ। বাপেক্সের তথ্য অনুযায়ী, সেখানে বর্তমানে ১ দশমিক ৭৫ ট্রিলিয়ন ঘনফুট গ্যাস মজুদ রয়েছে। ১৯৯৫ সালে শাহবাজপুর গ্যাসক্ষেত্র আবিষ্কারের পর দীর্ঘ সময় পেরিয়ে গেলেও এ সম্পদকে ঘিরে বড় শিল্পায়ন হয়নি। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বরিশাল বিভাগে শিল্প-কারখানা কার্যত সীমিত। বিভাগের ছয় জেলার মধ্যে বরিশাল ছাড়া বাকি পাঁচ জেলায় উল্লেখযোগ্য কলকারখানা নেই। বরিশাল জেলায় কারখানা রয়েছে ৪০৯টি, যেখানে কাজ করেন প্রায় ২০ হাজার শ্রমিক। বরিশালের জেলা প্রশাসক মো. মামুন খন্দকার বলেন, যে ধরনের শিল্প ও অর্থনৈতিক কর্মকাণ্ড হওয়ার কথা ছিল, তা হয়নি। কৃষি ও মৎস্যকে ঘিরে আগের অর্থনৈতিক তৎপরতাও কমেছে। ফলে কর্মসংস্থানের সংকট রয়েছে। স্থানীয় রাজনীতিক ও অর্থনীতিবিদদের মতে, নদীনির্ভর যোগাযোগব্যবস্থা এবং শিল্পায়নের অভাব বরিশালের অর্থনৈতিক বিকাশে বড় বাধা। দীর্ঘদিনের রাজনৈতিক প্রভাবও সমন্বিত উন্নয়ন নিশ্চিত করতে পারেনি। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. নুরুল হক বলেন, দক্ষিণাঞ্চলের বড় রাজনৈতিক নেতারা জাতীয় রাজনীতিতে বেশি মনোযোগী ছিলেন। পুরো অঞ্চলের জন্য পরিকল্পিত ও সমন্বিত উন্নয়ন পরিকল্পনা নেওয়া হয়নি। তবে পরিস্থিতি বদলাতে বর্তমান সরকার বেশ কিছু উদ্যোগ নিয়েছে। ভোলাকে মূল সড়ক নেটওয়ার্কের সঙ্গে যুক্ত করতে রহমতপুর-হিজলা-মেহেন্দীগঞ্জ-ভোলা রুটে মহাসড়ক নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। ভোলার গ্যাস স্থানীয়ভাবে ব্যবহার করে শিল্পকারখানা, সার কারখানা ও ৫০০ মেগাওয়াটের বিদ্যুৎকেন্দ্র স্থাপনের পরিকল্পনাও রয়েছে। বরিশাল-১ আসনের সংসদ সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জহির উদ্দিন স্বপন বলেন, জ্বালানি ও বিদ্যুতের অপ্রতুলতা এবং দুর্গম যোগাযোগের কারণে উপকূলীয় অঞ্চলে শিল্প গড়ে ওঠেনি। ভোলার গ্যাসের সঠিক ব্যবহার, পায়রা বন্দর সচল, কুয়াকাটায় পর্যটন অবকাঠামো উন্নয়ন ও সড়ক যোগাযোগ বাড়ানো গেলে দক্ষিণাঞ্চলের আর্থ-সামাজিক কাঠামো দ্রুত বদলে যেতে পারে।

ডেঙ্গুতে আরও ৭ মৃত্যু

দুজন করে, মার্চ ও এপ্রিলে শূন্য, মে মাসে এক ও জুনে ১৩ জন প্রাণ হারান। এরপর পরিস্থিতির অবনতি হতে থাকে। জুলাইয়ে ৩৬ এবং আগস্টে ৪৩ জন মারা যান। সেই তুলনায় চলতি মাসে অবস্থার গুরুতর অবনতি হয়েছে। সেপ্টেম্বরে এখন পর্যন্ত প্রাণহানি হয়েছে ৬৭ জনের। এর মধ্যে একদিনে সর্বোচ্চ ৯ জন মারা যান ৮ সেপ্টেম্বর। ঢাকা বিভাগের ক্ষেত্রে দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আওতাধীন হাসপাতালে ৫১, উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) আওতাধীন হাসপাতালে ১৯ ও সিটি করপোরেশনের বাইরে ১০ জন প্রাণ হারিয়েছেন। সেই সঙ্গে খুলনায় ২৯, ময়মনসিংহে ১৭, বরিশালে ১৩, চট্টগ্রামে ১৫, রাজশাহীতে সাত, রংপুরে দুই ও সিলেটে একজন মারা গেছেন। রোগীর মাসভিত্তিক হিসাব মতে, গত আগস্টে ২০ হাজার ৫৩৬ জন ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হন। সেপ্টেম্বরে এখন পর্যন্ত এই সংখ্যা ১৯ হাজার ৩১৭ জন। এর মধ্যে একদিনে সর্বোচ্চ এক হাজার ৭৩৩ জন ভর্তি হন ১৪ সেপ্টেম্বর। এর আগে জানুয়ারিতে এক হাজার ৮১, ফেব্রুয়ারিতে ৪০৯, মার্চে ৩৫৩, এপ্রিলে ৬৪০, মে মাসে ৭১৪ ও জুনে দুই হাজার ৯০৭ জন হাসপাতালে আসেন।

ইউপি নির্বাচন দ্রুত আয়োজন

বাংলাদেশের মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান। তিনি বলেছেন, দ্রুত স্থানীয় সরকার নির্বাচন আয়োজন করে মানুষের ক্ষমতা মানুষের নির্বাচিত প্রতিনিধির কাছে ফিরিয়ে দিতে হবে। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) রাজধানীর পুরানা পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত নিয়মিত সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মাওলানা গাজী আতাউর রহমান বলেন, নির্বাচনে নয়-ছয় করার কারণেই পতিত ফ্যাসিস্টের বিরুদ্ধে জনরোষ ফুঁসে উঠেছিল। তারই প্রেক্ষাপটে বিএনপি ক্ষমতায় এসেছে। কিন্তু নির্বাচন নিয়ে বিএনপি সরকারের মধ্যেও অনীহা দৃশ্যমান হচ্ছে। তিনি বলেন, শুরু থেকেই স্থানীয় সরকারে নির্বাচন না দিয়ে প্রশাসক বসানো হয়েছে। এখন নির্বাচন কমিশন ইউনিয়ন পরিষদ নির্বাচনের সম্ভাব্য তারিখ ঘোষণা করার পর নানা ধরনের আইন ও রীতির কথা বলা শুরু হয়েছে। ইসলামী আন্দোলন বাংলাদেশ পরিষ্কারভাবে জানিয়ে দিতে চায়, স্থানীয় নির্বাচন নিয়ে কোনো ধরনের সময়ক্ষেপণ মেনে নেওয়া হবে না। বরং দ্রুততার সঙ্গে নির্বাচন আয়োজন করতে হবে। 'মানুষের ক্ষমতা মানুষের প্রতিনিধির কাছে বুঝিয়ে দিতে হবে'- বলে মন্তব্য করেন ইসলামী আন্দোলনের এই নেতা। সরকারের কর্মকাণ্ড নিয়েও সমালোচনা করেন মাওলানা গাজী আতাউর রহমান। তিনি বলেন, দেশ পরিচালনায় সরকারের দক্ষতার ঘাটতি দৃশ্যমান। কোনো কোনো ক্ষেত্রে সদিচ্ছার অভাবও পরিলক্ষিত হচ্ছে। তিনি বলেন, একটি নতুন সরকার গঠনের পর কাজ গুছিয়ে নেওয়ার জন্য যে সময় পাওয়া দরকার, এই সরকার তা পেয়েছে। এখন আর আগের সরকার বা আগের রেজিমের ওপর দায় চাপিয়ে দায়িত্ব এড়ানোর সুযোগ নেই। সভায় দলের যুগ্ম মহাসচিব মাওলানা শেখ ফজলে বারী মাসউদ, মাওলানা নেছার উদ্দিন, সহকারী মহাসচিব মাওলানা আহমদ আব্দুল কাইয়ুম, মাওলানা লোকমান হোসাইন জাফরি, প্রচার ও মিডিয়া সেলের প্রধান সমন্বয়ক মাওলানা কে এম শরীয়াতুল্লাহসহ কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন।

ইসিকে কমেডি সেন্টার নয়

পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) বিকেলে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে এক পোস্টে তিনি এ কথা বলেন। নাসীরুদ্দীন পাটওয়ারী লিখেছেন, 'নির্বাচন কমিশনের গ্রহণযোগ্যতা ও নিরপেক্ষতা অক্ষুণ্ন রাখা উচিত। স্থানীয় সরকার নির্বাচন নিয়ে একের পর এক পরস্পরবিরোধী ও বিভ্রান্তিকর বক্তব্য জনমনে অপ্রয়োজনীয় প্রশ্ন তৈরি করছে।' তিনি বলেন, 'একদিকে সম্ভাব্য সময়সূচি নিয়ে ঘোষণা, অন্যদিকে সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, এ বিষয়ে কোনো আলোচনা হয়নি; আবার কমিশনের পক্ষ থেকেই বলা হচ্ছে, তারিখ এখনো চূড়ান্ত নয়।' এনসিপির এই নেতা বলেন, 'নির্বাচন কমিশন একটি স্বাধীন সাংবিধানিক প্রতিষ্ঠান এবং দেশের গণতান্ত্রিক ব্যবস্থার অন্যতম গুরুত্বপূর্ণ স্তম্ভ। তাই কমিশনের বক্তব্য হওয়া উচিত একক, স্পষ্ট, সমন্বিত ও তথ্যভিত্তিক।' তিনি আরও বলেন, 'জনগণের আস্থা নিয়ে কোনো ধরনের অস্পষ্টতা কাম্য নয়। নির্বাচন কমিশনকে কমেডি সেন্টার নয়, আস্থার কেন্দ্র হিসেবেই দেখতে চায় জনগণ।'

নামজারিতে ৭০ হাজার টাকা ঘুষ

ভূমি অফিসের দায়িত্বপ্রাপ্ত ভূমি উপসহকারী কর্মকর্তা সোবাহানের কাছে যান। এ সময় তার কাছে ৭০ হাজার টাকা দাবি করা হয় বলে অভিযোগ করেন তিনি। পরে দর-কষাকষির একপর্যায়ে দুটি দলিল বাদ দিয়ে চারটি নামজারির জন্য ২০ হাজার টাকায় সমঝোতা হয়। অভিযোগকারীর ভাষ্য অনুযায়ী, তিনি প্রথমে ১০ হাজার টাকা দেন। বাকি ১০ হাজার টাকা নামজারির কাজ শেষ হওয়ার পর দেওয়ার কথা ছিল। তবে দীর্ঘ সময় পেরিয়ে গেলেও চারটি আবেদনের মধ্যে মাত্র একটি নামজারি সম্পন্ন হয়েছে বলে দাবি মহিউদ্দিনের। বাকি আবেদনগুলো নিষ্পত্তি না হওয়ায় তিনি বিষয়টি নিয়ে অভিযোগ তোলেন। প্রতিবেদকের হাতে থাকা ভিডিওতে দেখা যায়, রাঙ্গাবালী ইউনিয়ন ভূমি অফিসের দায়িত্বপ্রাপ্ত ভূমি উপসহকারী কর্মকর্তা সোবাহানের হাতে নগদ টাকা তুলে দেওয়া হচ্ছে। পরে ওই ব্যক্তি টাকা গুনে নিজের কাছে রাখছেন। ভিডিওতে নামজারি ও অর্থ লেনদেন সংক্রান্ত কথোপকথনও রয়েছে। সরকারি তথ্য অনুযায়ী, একটি নামজারির নির্ধারিত ফি ১ হাজার ১৭০ টাকা। সে হিসাবে চারটি নামজারির সরকারি ফি ৪ হাজার ৬৮০ টাকা। সেখানে ২০ হাজার টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। তবে ঘুষ বা অতিরিক্ত টাকা নেওয়ার অভিযোগ অস্বীকার করেছেন রাঙ্গাবালী ইউনিয়ন ভূমি অফিসের দায়িত্বপ্রাপ্ত ভূমি উপসহকারী কর্মকর্তা সোবাহান। তিনি বলেন, মহিউদ্দিন খন্দকার তার কাছে আসেননি এবং সংশ্লিষ্ট কোনো কাগজপত্রও তার কাছে জমা দেওয়া হয়নি। বিষয়টি সম্পর্কে তিনি কিছু জানেন না বলেও দাবি করেন। এ বিষয়ে রাঙ্গাবালী উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নাজমুল হাসান বলেন, 'ভূমি উপসহকারী কর্মকর্তা সোবাহান কম্পিউটার পরিচালনায় দক্ষ না হওয়ায় তার আইডি ডিঅ্যাক্টিভ করা রয়েছে। তবে তিনি মাঝেমধ্যে উপজেলা ভূমি অফিসে কাজ করেন।' ইউএনও আরও বলেন, 'ভিডিওটি আমি দেখেছি। ইতোমধ্যে তাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। তিনদিনের মধ্যে সন্তোষজনক জবাব না দিলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য সুপারিশ করা হবে।'

সেপটিক ট্যাংকে নেমে রাজমিস্ত্রির

কাজ করছিলেন। তিনি বলেন, হঠাৎ চিৎকার শুনে তাঁরা ছুটে গিয়ে সেপটিক ট্যাংকের ভেতরে দুজনকে অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখেন। পরে কয়েকজন মিলে ট্যাংকের ভেতরে প্রবেশ করে তাঁদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক মনির শেখকে মৃত ঘোষণা করেন। কুদ্দুসকে চিকিৎসা দিয়ে হাসপাতালে ভর্তি করা হয়। নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান বলেন, সেপটিক ট্যাংকের ভেতরে নেমে মনির শেখ অচেতন হয়ে মারা গেছেন বলে তিনি জানতে পেরেছেন। তাঁর সঙ্গে থাকা অপর ব্যক্তিও অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। মনির শেখের মরদেহ উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে। এ ঘটনায় পরবর্তী আইনগত কার্যক্রম চলমান রয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর

ইনস্টিটিউট মিলনায়তনে আয়োজিত এক জমকালো অনুষ্ঠানে কৃতী শিক্ষার্থীদের হাতে এই সম্মাননা ও সনদ তুলে দেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ড. মাহ্‌দী আমিন এবং শিক্ষা সচিব আব্দুল খালেক। স্নাতক (সম্মান), স্নাতক (পাস) ও স্নাতকোত্তর পর্যায়ে ২০১৮ থেকে ২০২৩ সাল পর্যন্ত টানা ছয় বছরে সেরা ফলাফল অর্জনকারী ৩৭টি কলেজের ৫৭ জন কৃতী শিক্ষার্থীকে ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। অ্যাওয়ার্ডপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থীকে সম্মাননা সনদ, ক্রেস্ট ও ২৫ হাজার টাকা করে আর্থিক প্রণোদনা দেওয়া হয়। ?এমন অর্জনে উচ্ছ্বাস প্রকাশ করে অ্যাওয়ার্ড প্রাপ্ত গণিত বিভাগের শিক্ষার্থী কানিজ ফাতেমা বলেন, "আজ আমার জীবনের অন্যতম একটি আনন্দের ও গৌরবের দিন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবৃত্তি ও ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড অর্জনের অনুভূতি সত্যিই ভাষায় প্রকাশ করার মতো নয়। আমার এই সফলতার পেছনে মহান আল্লাহ তায়ালার অশেষ রহমত ছিল। পাশাপাশি আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ আমার শ্রদ্ধেয় শিক্ষকবৃন্দ ও পরিবারের প্রতি। তাঁদের সার্বক্ষণিক দিকনির্দেশনা ও অনুপ্রেরণা ছাড়া আজকের এই অবস্থানে পৌঁছানো সম্ভব হতো না। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এমন সুন্দর আয়োজনের মাধ্যমে আমাদের মেধাকে মূল্যায়ন করার জন্য অসংখ্য ধন্যবাদ"। ?সংস্কৃতি বিভাগের অ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থী অশিত বিশ্বাস অনুভূতি ব্যক্ত করে বলেন, "এ সাফল্য শুধু আমার একার নয়, এটি আমার শিক্ষক ও পরিবারের অবদান। এই সম্মাননা আমাকে ভবিষ্যতে আরও ভালো কাজ করার অনুপ্রেরণা জোগাবে।" ?বিভাগের এমন গৌরবময় অর্জনে আনন্দ প্রকাশ করেছেন শিক্ষকবৃন্দ। গণিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর জি. এম. শহীদুল ইসলাম বলেন, "আমি এই বিভাগে নতুন এলেও কানিজ ফাতেমার এই অর্জন আমাকে ভীষণ আনন্দিত করেছে। ভাইবা পরীক্ষায় তার মেধার পরিচয় পেয়েছি। তার এই সাফল্য বিভাগের অন্য শিক্ষার্থীদেরও অনুপ্রাণিত করবে। খুব শীঘ্রই বিভাগ থেকে তাকে আনুষ্ঠানিকভাবে সংবর্ধিত করা হবে।" ?সংস্কৃতি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. কমলিনী জয়ধর বলেন, "এটি আমাদের জন্য অত্যন্ত আনন্দের সংবাদ। সংস্কৃতি বিভাগের অর্জনের এই ধারা ধারাবাহিক পূর্বে তন্ময় ও অনির্বাণও এই সম্মাননা পেয়েছিল। আশা করি, আমাদের শিক্ষার্থীরা ভবিষ্যতেও এই সুনাম বজায় রাখবে।" ?শিক্ষার্থীদের এই যুগান্তকারী সাফল্যে শুভেচ্ছা জানিয়ে বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মোঃ তাজুল ইসলাম বলেন, "আমাদের শিক্ষার্থীদের এই জাতীয় অর্জন পুরো বিএম কলেজ পরিবারের জন্য এক বিশাল গৌরব ও আনন্দের বিষয়। তাদের এই সফলতা কলেজের একাডেমিক সুনামকে আরও এক ধাপ এগিয়ে নিয়ে গেল। আমরা কলেজ থেকে যারা সিজিপিএ ৩.৮০ উপরে পেয়েছে তাদের সম্মানিত করবো।আমি তাদের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করি"।

রাজাপুরে পুকুরে ডুবে

ধরে মৃগীরোগে ভুগছিলেন। স্থানীয় সূত্রে জানা যায়, দুপুর ২টা ২০ মিনিটের দিকে রোকনুজ্জামান তার দুই ছেলে জিহাদ (৫) ও জারিফকে (৩) নিয়ে শ্বশুরবাড়ির পেছনের পুকুরে গোসল করতে যান। দুই ছেলেকে গোসল করিয়ে বাড়ি পাঠিয়ে দিয়ে তিনি পরে আসবেন বলে জানান। দীর্ঘ সময় পার হলেও তিনি না ফেরায় স্ত্রী জিনিয়া আক্তার পুকুরঘাটে গিয়ে স্বামীর পরনের লুঙ্গি পানিতে ভাসতে দেখেন। পরে স্থানীয়দের সহযোগিতায় পুকুর থেকে তাকে উদ্ধার করা হয়। দুপুর ৩টার দিকে তাকে রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। রাজাপুর থানার ওসি সুজন বিশ্বাস বলেন, পরিবারের কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই লাশ দাফনের অনুমতি দেওয়া হয়েছে।

মেহেন্দিগঞ্জে প্রতিমন্ত্রীর নির্দেশনায় স্বচ্ছ

আহমেদের সার্বিক তত্ত্বাবধানে প্রতিটি আবেদনকারীর শারীরিক অবস্থা পরীক্ষা করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: ইমরানুর রহমান। সরেজমিনে শারীরিক অবস্থা পর্যবেক্ষণ শেষে যোগ্য সুবিধাভোগীদের তাৎক্ষণিকভাবে চিকিৎসা সনদ ও প্রয়োজনীয় প্রত্যয়নপত্র প্রদান করা হয়। সরাসরি যাচাই-বাছাইয়ের মাধ্যমে প্রকৃত প্রতিবন্ধীদের কোনো ধরনের হয়রানি ছাড়াই প্রতিবন্ধী কার্ড ও সরকারি সেবা নিশ্চিত করার উদ্যোগ নেওয়া হয়েছে।

ভাণ্ডারিয়ায় মাদক প্রতিরোধে জেলা

এর সভাপতিত্বে এবং উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জ্বল হালদারের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেওয়ান জগলুল হাসান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ ইব্রাহীম মোল্লা, মাদক প্রতিরোধে গঠিত পিরোজপুর জেলা কমিটির আহবায়ক দৈনিক ইত্তেকাকের স্টাফ রিপোর্টার মো.মুনিরুজ্জামান নাসিম আলি, সমন্বয়কারী অধ্যাপক মো. শাহআলম শেখ, যুগ্ম আহবায়ক মো. মেহেদী হাসান, সুশীল সমাজের প্রতিনিধি সিকদার জাকির হোসেন বাচ্চু, অবসর প্রাপ্ত সেনা সদস্য মো. হাবিবর রহমান, প্রধান শিক্ষক মো. জুলফিকার আলী, শিক্ষক মো. শফিকুল ইসলাম আজাদ, দৈনিক ইত্তেফাকের সাংবাদিক শঙ্কর জীৎ সমদ্দার, প্রতিদিনের বাংলাদেশের মো. তরিকুল ইসলাম শামীম, বরিশাল কার্তার মো. আল আমীন হাওলাদার, রেড ক্রিসেন্ট সদস্য সজিব হাওলাদার শাওন, বিডি ক্লিন সদস্য মেহেদী হাসান প্রমূখ। সভায় মাদকের ভয়াবহ বিস্তার নিয়ন্ত্রণে আনতে জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে আরো বেশি আন্তরিক হয়ে উপজেলা প্রশাসনের সাথে এক হয়ে কাজের গতি বাড়ানো, থানা পুলিশকে তথ্য দিয়ে সহায়তা করা, পারিবারিক সচেতনতা বৃদ্ধি এবং সকলের অংশ গ্রহনে সামাজিক আন্দোলন বাড়ানোর আহবান জানানো হয়।

তরুণীকে উত্ত্যক্ত ও রাতে অনুপ্রবেশের

ফোনে কুপ্রস্তাব ও বিভিন্নভাবে উত্ত্যক্ত করে আসছিলেন। ঘটনার রাতে তিনি ওই তরুণীকে বাড়ির পেছনের বাথরুমের কাছে আসতে বাধ্য করার চেষ্টা করেন। এ সময় বাথরুমের পাশে সন্দেহজনক শব্দ পেয়ে পরিবারের সদস্যরা টর্চলাইটের আলো ফেললে বারেক মেম্বার পালানোর চেষ্টা করেন। দৌড়ে পালাতে গিয়ে তিনি পাশের টিনের বেড়া ও ঝোপঝাড়ে পড়ে যান পরবর্তীতে পরিবারের সদস্যদের চিৎকারে স্থানীয়রা ছুটে এসে তাকে হাতেনাতে আটক করে। আটকের পর ক্ষুব্ধ জনতা ইউপি সদস্য বারেককে মানিক বয়াতির বসতঘরে নিয়ে পায়ে শিকল দিয়ে বেঁধে রাখে। খবর পেয়ে তার স্বজন ও স্থানীয় কয়েকজন প্রভাবশালী ব্যক্তি এসে তাকে ছাড়িয়ে নেওয়ার চেষ্টা করলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। ঘটনা জানাজানি হওয়ার পর শিকল পরা অবস্থায় বিএনপির এই নেতার আটকের একটি ভিডিয়ো সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে মুহূর্তেই তা ভাইরাল হয়। খবর পেয়ে দুমকি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিম উদ্দিনের নেতৃত্বে পুলিশের একটি দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং উত্তেজিত জনতার হাত থেকে অভিযুক্ত ইউপি সদস্যকে উদ্ধার করে থানায় নিয়ে আসে। ভুক্তভোগী পরিবারের অভিযোগ, ইউপি সদস্য ও বিএনপি নেতা বারেক নিয়মিত ওই তরুণীকে মোবাইলে কুপ্রস্তাব ও হুমকি দিয়ে আসছিলেন। এ সংক্রান্তি একাধিক অডিয়ো রেকর্ডও তাদের কাছে রক্ষিত রয়েছে। দুমকি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিম উদ্দিন জানান, এ ঘটনায় ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে থানায় নিয়মিত মামলা দায়ের (এজাহারভুক্ত) করা হয়েছে। অভিযুক্ত আসামিকে পটুয়াখালী বিজ্ঞ আদালতে সোপর্দ করা হচ্ছে এবং তার বিরুদ্ধে পরবর্তী সকল আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

কাউখালীতে ৬৯টি কার্তুজ, ওয়াকিটকি

শিয়ালকাঠি চৌরাস্তার কাছে ওই ভবনে অভিযান চালায় পুলিশের একটি দল। অভিযানে ছাদ থেকে ৬৯টি শর্টগানের কার্তুজ উদ্ধার করা হয়। প্রতিটি কার্তুজের গায়ে 'Rubber Buckshot, 2023-BP-67mm, Made in Cyprus' লেখা রয়েছে বলে জানিয়েছে পুলিশ। এ ছাড়া দুই সেট ওয়াকিটকি, একটি খেলনা পিস্তল, দুটি ভুয়া অস্ত্রের লাইসেন্স, একটি ভুয়া পুলিশ আইডি কার্ড এবং চামড়ার তৈরি একটি অস্ত্রের কভার উদ্ধার করা হয়েছে। কাউখালী থানার ওসি মো. আনোয়ার হোসেন বলেন, পুলিশ সুপারের নির্দেশনায় অভিযান চালিয়ে একজনকে গ্রেফতার করা হয়েছে। অপরাধের সঙ্গে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় আনতে পিরোজপুর জেলা পুলিশ কাজ করছে। তিনি আরও জানান, গ্রেফতার শাওন ইসলাম অপুর বিরুদ্ধে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।

উজিরপুরে চিকিৎসক-নার্সের

প্রয়োজনীয় ব্যবস্থা নেননি। একপর্যায়ে গভীর রাতে চিকিৎসাধীন অবস্থায় শিশুটির মৃত্যু হয়। শিশুটির বাবা মিলন তালুকদার অভিযোগ করেন, হাসপাতালে ভর্তি করার পর তার মেয়েকে পর্যাপ্ত চিকিৎসা দেওয়া হয়নি। নার্সদের কাছ থেকেও যথাযথ সেবা পাওয়া যায়নি। চিকিৎসক ও নার্সদের অবহেলা ও দায়িত্বে গাফিলতির কারণেই তার মেয়ের অকাল মৃত্যু হয়েছে বলে দাবি করেন তিনি। এ ঘটনায় হাসপাতালের চিকিৎসাসেবা নিয়ে প্রশ্ন তুলে ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছেন শিশুটির স্বজনরা। তাদের দাবি, চিকিৎসায় কোনো ধরনের অবহেলা বা গাফিলতি ছিল কি না, তা তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক। অভিযোগের বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. হামিদা আক্তার বলেন, "জন্ম-মৃত্যু আমাদের হাতে নেই।" চিকিৎসক ও নার্সদের বিরুদ্ধে ওঠা অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন, সকালে সংশ্লিষ্টদের ডেকে মৌখিকভাবে সতর্ক করা হয়েছে। তবে শিশুটির মৃত্যুর প্রকৃত কারণ এবং চিকিৎসাসেবায় কোনো অবহেলা বা গাফিলতি ছিল কি না, তা নিরপেক্ষ তদন্তের মাধ্যমে নিশ্চিত করার দাবি জানিয়েছেন স্বজনরা।

মেঘনায় ধরা পড়ল ১৫

মেঘনায় জাল পেতে মাছ শিকার করছিলাম। এই সময় ১৫ কেজি ওজনের পাঙাস মাছটি ধরা পড়ে। পরে মাছটি রামনেওয়াজ মোমিন তালুকদারের মৎস্য আড়তে বিশ হাজার একশত টাকা বিক্রি করা হয়। মৎস্য ব্যাপারি ফিরোজ ও নাহিদ জানান, ১৫ কেজি ওজনের পাঙাস মাছটি ভ্যাটসহ প্রতি কেজি এক হাজার তিনশত চল্লিশ টাকা কেজি দরে নিলামে ক্রয় করেন মৎস্য আড়তদার মোমিন তালুকদার। এই ব্যাপারে মৎস্য ব্যবসায়ী ও আড়তদার মমিন তালুকদার জানান, পাঙাস মাছটি লঞ্চযোগে ঢাকার যাত্রাবাড়ি পাঠানো হবে। আরও বেশি দামে মাছটি বিক্রি করা যাবে।

অবৈধ ট্রলিংয়ে উজাড় সাগর: ইলিশের

পর্যন্ত সেখানে মোট ৪০৫ দশমিক ৯৫ মেট্রিক টন মাছ অবতরণ হয়েছে। গত বছরের একই সময়ে অবতরণ হয়েছিল ৪২৯ দশমিক ২২ মেট্রিক টন। অর্থাৎ এক বছরের ব্যবধানে মোট মাছের অবতরণ কমেছে ২৩ দশমিক ২৭ মেট্রিক টন বা ৫ দশমিক ৪২ শতাংশ। তবে মোট মাছের পরিমাণের চেয়েও ভয়াবহ চিত্র ইলিশের ক্ষেত্রে। গত বছর একই সময়ে পাথরঘাটা মৎস্য অবতরণ কেন্দ্রে ৩১৭ দশমিক ৪০ মেট্রিক টন ইলিশ অবতরণ হয়েছিল। চলতি মৌসুমে সেখানে ইলিশ এসেছে মাত্র ১৮৯ দশমিক ১০ মেট্রিক টন। এক বছরে ইলিশের অবতরণ কমেছে ১২৮ দশমিক ৩০ মেট্রিক টন বা ৪০ দশমিক ৪৩ শতাংশ। অর্থাৎ গত বছরের তুলনায় এবার ইলিশের অবতরণ প্রায় অর্ধেকে নেমে এসেছে। মাছের এই সংকটের প্রভাব পড়েছে বাজার ও সরকারি রাজস্ব আদায়েও। গত মৌসুমে পাথরঘাটা মৎস্য অবতরণ কেন্দ্রে অবতরণ করা মাছ ৩৩ কোটি ৩০ লাখ ৯০ হাজার ৪০০ টাকায় বিক্রি হয়েছিল। এর বিপরীতে সরকারের রাজস্ব আয় হয়েছিল ৪১ লাখ ৬৩ হাজার ৬৩০ টাকা। চলতি মৌসুমে মাছ বিক্রি কমে দাঁড়িয়েছে ২৫ কোটি ৪৩ লাখ ৭৮ হাজার ৮০০ টাকায়। রাজস্ব আদায় হয়েছে মাত্র ৩১ লাখ ৭৯ হাজার ৭৩৫ টাকা। ফলে এক বছরের ব্যবধানে সরকারের রাজস্ব কমেছে ৯ লাখ ৮৩ হাজার ৮৯৫ টাকা বা ২৩ দশমিক ৬৪ শতাংশ। সংশ্লিষ্টরা বলছেন, এই সংকট শুধু একটি অবতরণ কেন্দ্রের সমস্যা নয়; বঙ্গোপসাগরে সামুদ্রিক মাছের মজুদ কমে যাওয়ার বৃহত্তর প্রবণতারও প্রতিফলন ঘটছে পাথরঘাটায়। মৎস্য অধিদপ্তরের সাম্প্রতিক পরিসংখ্যান অনুযায়ী, দেশের সামুদ্রিক মাছের উৎপাদন ২০২১-২২ অর্থবছরে ছিল ৭ দশমিক ০৬ লাখ মেট্রিক টন। ২০২২-২৩ অর্থবছরে তা কমে ৬ দশমিক ৭৯ লাখ এবং ২০২৩-২৪ অর্থবছরে ৬ দশমিক ২৯ লাখ মেট্রিক টনে নেমে আসে। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে তা আরও কমে ৫ দশমিক ৬৮ লাখ মেট্রিক টনে দাঁড়িয়েছে। একই সময়ে সামুদ্রিক ইলিশের উৎপাদনও কমেছে। মৎস্য অধিদপ্তরের হিসাবে ২০২১-২২ অর্থবছরে সামুদ্রিক ইলিশ উৎপাদন ছিল ৩ দশমিক ২২ লাখ মেট্রিক টন, যা ২০২৩-২৪ অর্থবছরে নেমে আসে ২ দশমিক ৮১ লাখ মেট্রিক টনে। জেলেদের অভিযোগ, সাগরে এই মাছের সংকটের পেছনে প্রাকৃতিক কারণের পাশাপাশি মানুষের তৈরি সংকটও বড় ভূমিকা রাখছে। বিশেষ করে নিষিদ্ধ পদ্ধতিতে ট্রলিং করে মাছ শিকার, অতি ক্ষুদ্র ফাঁসের জাল ব্যবহার এবং নির্বিচারে ছোট মাছ, পোনা ও রেণু আহরণ সাগরের মৎস্যসম্পদের স্বাভাবিক প্রজননব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করছে। জেলা ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী অভিযোগ করেন, অসাধু জেলে ও ট্রলার মালিকদের একটি অংশ দেশীয় পদ্ধতিতে অবৈধ ট্রলিং নৌযান তৈরি করে সাগরে মাছ শিকার করছে। এসব নৌযানে এমন জাল ব্যবহার করা হচ্ছে, যাতে মাছের পাশাপাশি রেণু, পোনা ও ছোট মাছও উঠে আসে। প্রজনন মৌসুমে এ ধরনের শিকার অব্যাহত থাকলে ভবিষ্যতে সাগরের মাছের মজুদ আরো ভয়াবহভাবে কমে যাওয়ার আশঙ্কা রয়েছে। শুধু বরগুনার জেলেদের অভিযোগ নয়, দেশের সামুদ্রিক মৎস্যসম্পদের সামগ্রিক চিত্রও উদ্বেগজনক। মৎস্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ২০২১-২২ অর্থবছরের ৭ দশমিক ০৬ লাখ মেট্রিক টন সামুদ্রিক মাছ উৎপাদন থেকে ২০২৪-২৫ অর্থবছরে তা ৫ দশমিক ৬৮ লাখ মেট্রিক টনে নেমেছে। অর্থাৎ চার বছরের ব্যবধানে কমেছে প্রায় ১ দশমিক ৩৮ লাখ মেট্রিক টন। মৎস্য অধিদপ্তর ও সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের আলোচনায় অতিরিক্ত মাছ আহরণ, অবৈধ জাল, জলবায়ু পরিবর্তন ও সমুদ্রের তাপমাত্রা বৃদ্ধিসহ একাধিক কারণের কথা উঠে এসেছে। পাথরঘাটা মৎস্য অবতরণ কেন্দ্রের ব্যবস্থাপনা কর্মকর্তা মো. দেলোয়ার হোসাইন জানান, অবতরণ কেন্দ্রে আসা মাছের মোট বিক্রয়মূল্যের ওপর সরকার নিয়ম অনুযায়ী ১ দশমিক ২৫ শতাংশ রাজস্ব আদায় করে। এবার সাগরে মাছের আনাগোনা ও আহরণ কম থাকায় মাছের বিক্রি যেমন কমেছে, তেমনি রাজস্ব আদায়ও উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। অবৈধ ট্রলিং বন্ধে মৎস্য বিভাগ ও প্রশাসনের যৌথ তৎপরতা জোরদার করা হচ্ছে এবং সাগরে অভিযান আরও বাড়ানোর উদ্যোগ নেয়া হচ্ছে।

বাবুগঞ্জে বাসের ধাক্কায় মাদ্রাসার

পরিবহন' নামের একটি বাস দ্রুতগতিতে এসে তাকে ধাক্কা দেয়। এতে তিনি ছিটকে সড়কের পাশে পড়ে যান। দুর্ঘটনায় মাথাসহ শরীরের বিভিন্ন স্থানে গুরুতর আঘাত পান তিনি। দুর্ঘটনার খবর পেয়ে রাকুদিয়া দাখিল মাদ্রাসার শিক্ষকরা দ্রুত ঘটনাস্থলে ছুটে যান। পরে আহত রেহানা বেগমকে উদ্ধার করে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে (শেবাচিম) নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় সকাল সাড়ে ১১টার দিকে অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যু হয়। অবরোধের কারণে ঢাকা-বরিশাল মহাসড়কের উভয় পাশে যান চলাচল বন্ধ হয়ে যায়। এতে ওই সড়কে দীর্ঘ যানজটের সৃষ্টি হয় এবং ভোগান্তিতে পড়েন যাত্রী ও সাধারণ মানুষ। খবর পেয়ে হাইওয়ে পুলিশ ও বাবুগঞ্জ থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। পুলিশ লাবিবা কোম্পানির কয়েকটি বাস আটক করলে শিক্ষার্থীরা প্রায় এক ঘণ্টা পর অবরোধ প্রত্যাহার করে নেয়। পরে মহাসড়কে যানচলাচল স্বাভাবিক হয়। বাবুগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান বলেন, 'সড়ক দুর্ঘটনায় আহত ওই নারী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। মহাসড়কে যান চলাচল স্বাভাবিক করা হয়েছে। দুর্ঘটনার ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।'

বিষখালী নদীর ঢেউয়ে সড়কে

থেকে দক্ষিণ বাদুরতলা, বাদুরতলা, পশ্চিম বাদুরতলা, গুরাভাঙ্গা, চল্লিশকাহনিয়া, পূর্ব উত্তমপুর, চুনপুরিসহ আশপাশের কয়েকটি গ্রামের মানুষ ব্যাপক দুর্ভোগে পড়েছেন। এসব এলাকার অন্তত পাঁচটি বিদ্যালয় ও মাদ্রাসা রয়েছে। সেখানকার শিক্ষক-শিক্ষার্থীরাও বিপাকে পড়েছেন। একই এলাকার আবু হানিফ, শহিদুল, নাসির মল্লিক, সেন্টুসহ কয়েকজনের দেওয়া তথ্যমতে, বাদুরতলা বাজারের দক্ষিণ মাথার এই সড়কটি আশপাশের কয়েকটি গ্রামের মানুষের চলাচলের অন্যতম প্রধান পথ। প্রতিদিন শিক্ষার্থী, শিক্ষক, কৃষক, ব্যবসায়ীসহ নানা শ্রেণিপেশার হাজারো মানুষ সড়কটি ব্যবহার করেন। নদীভাঙনে সড়কের বড় একটি অংশ বিলীন হয়ে যাওয়ায় স্বাভাবিকভাবে চলাচল কঠিন হয়ে পড়েছে। শিক্ষার্থীদের অনেকটা ঝুঁকি নিয়ে যাতায়াত করতে হচ্ছে। বর্ষা ও নদীর পানি বাড়লে পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে উঠতে পারে। দ্রুত সময়ের মধ্যে ভাঙনরোধে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়ে তারা বলেন, না হলে শুধু সড়ক নয়, আশপাশের বসতভিটা ও ফসলি জমিও নদীতে চলে যেতে পারে। সংবাদ পেয়ে ঘটনাস্থল পরিদর্শনের কথা জানিয়ে মঠবাড়ি ইউনিয়ন পরিষদের (ইউপি) ভারপ্রাপ্ত চেয়ারম্যান ফোরক সিকদার বলেন, নদীভাঙনের বিষয়টি উপজেলা প্রশাসনকে জানানো হয়েছে। ভাঙনের কারণে স্থানীয় মানুষের চলাচলে সমস্যা সৃষ্টি হয়েছে। বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখা প্রয়োজন। রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রিফাত আরা মৌরি জানান, বিষখালী নদীতীরে সড়কের একাংশ তলিয়ে যাওয়ার বিষয়টি জেনেছেন। স্থানীয় জনপ্রতিনিধি তাঁকে বিষয়টি জানিয়েছেন। বর্তমান পরিস্থিতি সম্পর্কে খোঁজ নেওয়া হচ্ছে। বিষয়টি সংশ্লিষ্ট ও ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন তিনি।

পাকা মাঠে মাটি ভরাট! বাউফলে ৩১৮

ক্ষেত্রে সামান্য কাজ হলেও বরাদ্দের পুরো অর্থ তুলে নেওয়া হয়েছে বলে অভিযোগ রয়েছে। ধুলিয়া ইউনিয়নের পাঁচ নম্বর ওয়ার্ডে ঘুচরাকাঠি আব্দুল জব্বার মৃধা বাড়ির জামে মসজিদ ও ঈদগাহ মাঠ উন্নয়নে বরাদ্দ দেওয়া হয় এক লাখ ৩১ ২৬৫ টাকা। কিন্তু স্থানীয়রা জানান, ঈদগাহ মাঠটি আগে থেকেই পাকা। সেখানে মাটি ভরাটের কোনো কাজই হয়নি, অথচ ভুয়া মাস্টাররোলে টাকা তোলা হয়েছে। একই স্থানে বায়তুস সালাহ জামে মসজিদের নামে আরও এক লাখ ১৫ হাজার টাকা বরাদ্দ দেখিয়ে সরকারি অর্থ ভাগবাটোয়ারা করার অভিযোগ রয়েছে। উপজেলার অন্য স্থানেও মিলেছে একই চিত্র। বাউফল ইউনিয়নের দক্ষিণ বিলবিলাস এলাকায় মাটির রাস্তা মেরামতের দুই লাখ টাকা বরাদ্দ থাকলেও সরেজমিনে সাম্প্রতিক কোনো কাজের চিহ্ন মেলেনি। ধুলিয়া ইউনিয়নে তালিকায় থাকা অনেক প্রকল্পের অস্তিত্ব স্থানীয়দের জানা নেই বলে জানান বাউফল উপজেলা ছাত্রদলের সাবেক যুগ্ম আহবায়ক শরীফ তৌসিফুর রহমান রাফা। পৌর শহরের উপজেলা পরিষদের গেটসংলগ্ন একটি ভাড়া ভবনের চতুর্থ তলায় 'সাংবাদিক ক্লাব' সংস্কারের নামে এক লাখ ১৫ হাজার টাকা বরাদ্দ তোলা হয়েছে, যার বাস্তব কোনো রূপ দেখা যায়নি। এসব অনিয়মের বিষয়ে বাউফল উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) মো. রফিকুল ইসলাম জানান, প্রকল্পগুলো তার যোগদানের আগের। তবে অভিযোগ পাওয়া গেলে বিষয়টি খতিয়ে দেখা হবে। প্রকল্পের তালিকা, বরাদ্দ ও বিল-ভাউচার যাচাইয়ে প্রতিটি প্রকল্পের নিবিড় সরেজমিন তদন্তের দাবি জানিয়েছেন স্থানীয়রা।

বাংলাদেশে ইলিশ রপ্তানি করে

বাংলাদেশে এসেছে। ভারতের ব্যবসায়ীরা বলছেন, আগামী কয়েক সপ্তাহে আরও ১৫০ থেকে ২০০ টন ইলিশ বাংলাদেশে রপ্তানি হতে পারে। সাধারণত দুর্গাপূজার মৌসুমে বাংলাদেশ সরকার অনুমতি দিলে ভারতে ইলিশ যায়। কিন্তু বর্তমানে বাংলাদেশ থেকে ভারতে ইলিশ রপ্তানি বন্ধ রয়েছে। এই পরিস্থিতিতে এবার ভারতের ইলিশ বাংলাদেশে যাওয়াকে ব্যতিক্রমী ঘটনা হিসেবে দেখছেন ব্যবসায়ীরা। বেঙ্গল ও হাওড়া পাইকারি মাছ বাজারের ফিশ ইমপোর্টার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক সৈয়দ আনোয়ার মাকসুদ বলেন, এই প্রথম ভারতের ইলিশ বাংলাদেশে রপ্তানি হচ্ছে। বিষয়টি ইতিবাচক বলেও মন্তব্য করেন তিনি। তার ভাষ্য অনুযায়ী, রপ্তানি করা ইলিশের বড় অংশই গুজরাট থেকে আসছে। পেট্রাপোল ক্লিয়ারিং এজেন্টস স্টাফ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সম্পাদক কার্তিক চক্রবর্তী বলেন, আগে তারা বাংলাদেশের পদ্মা নদীর ইলিশের জন্য অপেক্ষা করতেন। পরে ইলিশ আমদানি সীমিত করা হয়। এখন ভারত থেকে বাংলাদেশে ইলিশ যাচ্ছে। রপ্তানি হওয়া ইলিশের উল্লেখযোগ্য অংশ গুজরাটের ভরুচ অঞ্চল থেকে আসছে। এর কিছু চালান পশ্চিমবঙ্গের হাওড়া মাছ বাজারের মাধ্যমেও সরবরাহ করা হচ্ছে। সেন্ট্রাল ইনল্যান্ড ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউটের পরিচালক প্রদীপ দে বলেন, ভারত থেকে বাংলাদেশে ইলিশ রপ্তানি শুধু একটি বাণিজ্যিক ঘটনা নয়। এর মাধ্যমে এই মাছের প্রতি ভোক্তাদের প্রবল আগ্রহ, অর্থনৈতিক মূল্য এবং আঞ্চলিক চাহিদার বিষয়টিও স্পষ্ট হচ্ছে। তার মতে, ইলিশ উচ্চমূল্যের মৎস্যসম্পদ হিসেবে জেলে ও মৎস্যজীবীদের জীবিকা, খাদ্যনিরাপত্তা, স্থানীয় ভোগ এবং আঞ্চলিক বাণিজ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। পশ্চিমবঙ্গের জন্যও এটি একটি নতুন সুযোগ তৈরি করেছে বলে মনে করেন তিনি। বিজ্ঞানভিত্তিকভাবে ইলিশের মজুত বাড়ানো, দায়িত্বশীলভাবে মাছ ধরা, মাছ ধরার পর মূল্য সংযোজন এবং সমন্বিত বাজারব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে টেকসই ইলিশ অর্থনীতি তৈরি করা সম্ভব বলে তিনি মনে করেন।

পবিত্র মক্কা নগরীসহ ৩ অঞ্চলে জরুরি

সাম্প্রতিক দিনগুলোতে ইয়েমেনের হুতি বিদ্রোহীরা দেশটিতে হামলা শুরু করার পর এই প্রথম পবিত্র এই নগরীতে এ ধরনের সতর্কতা জারি করা হলো। বার্তায় বাসিন্দাদের দ্রুত নিরাপদ আশ্রয়ে যেতে এবং সরকারি নিরাপত্তা নির্দেশনা অনুসরণ করতে বলা হয়েছে। খবর আনাদোলু এজেন্সির। সৌদি সিভিল ডিফেন্স জানিয়েছে, জাতীয় জরুরি আগাম সতর্কতা প্ল্যাটফর্মের মাধ্যমে সতর্কবার্তাগুলো পাঠানো হয়েছে। তবে সম্ভাব্য বিপদের ধরন সম্পর্কে কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে বিস্তারিত কিছু জানায়নি। সতর্কবার্তায় বাসিন্দাদের আতঙ্কিত না হয়ে দ্রুত কাছের নিরাপদ স্থানে চলে যেতে বলা হয়েছে। সম্ভব হলে ভবনের ভেতরে বা জানালা থেকে দূরে কোনো অভ্যন্তরীণ কক্ষে আশ্রয় নিতে বলা হয়। বিপদ কেটে যাওয়ার আগ পর্যন্ত সেখানে অবস্থান করার নির্দেশ দেওয়া হয়েছে। খোলা জায়গা, জানালা, বারান্দা ও ছাদ থেকে দূরে থাকার পরামর্শ দিয়েছে সিভিল ডিফেন্স। বাইরে থাকা ব্যক্তিদের কাছের কোনো ভবনে ঢুকে আশ্রয় নিতে অথবা শক্ত কোনো আড়ালের পেছনে অবস্থান করতে বলা হয়। গাড়িচালকদের সতর্কবার্তা পেলে সেতু ও উঁচু ভবন থেকে দূরে নিরাপদ স্থানে গাড়ি থামাতে বলা হয়েছে। পাশাপাশি জনসমাগম ও ঝুঁকিপূর্ণ এলাকা এড়িয়ে চলা এবং সরকারি মাধ্যমের নির্দেশনা অনুসরণ করতে জনগণের প্রতি আহ্বান জানানো হয়েছে। সৌদি আরব ও ইয়েমেনের হুতি গোষ্ঠীর মধ্যে সাম্প্রতিক উত্তেজনা ও সংঘর্ষের মধ্যেই এ সতর্কতা জারি করা হলো। গত কয়েক দিনে হুতিরা সৌদির বিভিন্ন শহর ও অবকাঠামো লক্ষ্য করে একাধিক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে বলে সৌদি কর্তৃপক্ষের দাবি। এর জবাবে ইয়েমেনে হুতিদের অবস্থান লক্ষ্য করে হামলা চালিয়েছে সৌদি বাহিনী।

বিএনপির সাড়ে ৪ হাজারের

টার্গেট করে মানুষকে ধরে নিয়ে গিয়ে বিনা বিচারে হত্যা করেছে। যার নাম দেওয়া হয়েছে ক্রসফায়ার। সাড়ে ৪ হাজারের বেশি বিএনপি নেতাকর্মীকে ক্রসফায়ার দেওয়া হয়েছিল। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) দুপুরে বাগেরহাট জেলা প্রশাসকের কার্যালয়ে স্থানীয় সংসদ সদস্য, সরকারি কর্মকর্তা ও বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিনের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। মো. আসাদুজ্জামান বলেন, ৭০০ এর মতো বিএনপির নেতাকর্মীকে গুম করা হয়েছে সে সময়ে। অসংখ্য জামায়াতের নেতাকর্মীদের গুম, খুন করেছে। শুধুমাত্র জামায়াত বা বিএনপি করার কারণে। আমাদের বিএনপি সরকারের সময়ে ক্রসফায়ার শূন্যের কোঠায় নিয়ে এসেছি। গুম শূন্যের কোঠায় নিয়ে এসেছি। সারা বাংলাদেশে আপনাদের এখানে একটা গুমের অভিযোগ উঠেছে। মিরাজ শেখের বিষয়টা। এটা আমরা অত্যন্ত সতর্কতা ও গুরুত্ব দিয়ে তদন্ত অব্যাহত রেখেছে। আমরা চাই না মিরাজ শেখের পরিবার ন্যায় বিচার থেকে বঞ্চিত হোক। বাগেরহাটে বিদ্যমান আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে মন্ত্রী বলেন, এখানে কয়েকটা হত্যা হয়েছে। আমরা সন্ত্রাসের বিরুদ্ধে। আইনশৃঙ্খলা বাহিনীকে বলেছি, যার বিরুদ্ধে অভিযোগ আছে তাকে আইনের আওতায় আনার জন্য। তিনি যত শক্তিশালী হোনা কেন, বিএনপির কোন শক্তিশালী নেতা যদি তাকে রক্ষার চেষ্টা করেন তার ব্যাপারেও আপনারা জিরো টলারেন্স নীতি দেখাবেন। খুন করে বাইরে ঘুরে বেড়াবেন, আর জনগণ বলবে খুন করলেও কিছু হয় না। পুলিশের হাত এখনো এত দুর্বল হয়নি। আইন আইনের গতিতে চলবে। বাগেরহাটের জেলা প্রশাসক গোলাম মো. বাতেনের সভাপতিত্বে মতবিনিময় সভায়, বাগেরহাট-১ আসনের সংসদ সদস্য মশিউর রহমান খান, বাগেরহাট-৪ আসনের সংসদ সদস্য মো. আব্দুল আলিম, খুলনা রেঞ্জের ডিআইজি মো. মোস্তাফিজুর রহমান, বাগেরহাট জেলা পরিষদের প্রশাসক ব্যারিস্টার শেখ মোহাম্মদ জাকির হোসেন, পুলিশ সুপার হাসান মোহাম্মদ নাছের রিকাবদার, বাগেরহাটের সিভিল সার্জন আসম মাহবুবুল আলম, বাগেরহাট ২৫০ শয্যা জেলা হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. অসীম কুমার সমাদ্দার, বাগেরহাট জেলা বিএনপির আহ্বায়ক এটিএম আকরাম হোসেন তালিম, সদস্য সচিব মোজাফফর রহমান আলম, বাগেরহাট প্রেসক্লাবের সভাপতি আবু সাইদ শুনুসহ জেলা পর্যায়ের বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা ও বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। এর আগে সকালে জেলা জজ আদালতের সম্মেলনকক্ষে জেলার সব পর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভা করেছেন মন্ত্রী। বিকেলে বিএনপির নির্বাচিত সংরক্ষিত আসনের সংসদ সদস্য, সংসদ সদস্য প্রার্থী, জেলা ও উপজেলা বিএনপির সভাপতি-সাধারণ সম্পাদকসহ সকল অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভায় যোগদান করেন।

দল-মতের ঊর্ধ্বে উঠে সবার

(রহ.) অসংখ্য ওলি-আউলিয়ার স্মৃতিধন্য সিলেটে আসতে পেরে আমি আনন্দিত ও গর্বিত। এখানকার মানুষের আন্তরিক ভালোবাসা ও সমর্থন আমি সবসময় পেয়েছি। সিলেটের রয়েছে নিজস্ব সংস্কৃতি, ঐতিহ্য, প্রাকৃতিক সৌন্দর্য ও গৌরবময় ইতিহাস। হাসন রাজা, রাধারমণ দত্ত, দূরবীন শাহ, সৈয়দ মুজতবা আলী ও জেনারেল এমএজি ওসমানীর মতো কীর্তিমান ব্যক্তিত্ব এ মাটির গর্ব। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) বিকেল পনে ৬ টার দিকে সিলেট সিটি করপোরেশনের উদ্যোগে নগর ভবন প্রাঙ্গণে নাগরিক সংবর্ধনা ও সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, অতীতে যে রাজনৈতিক অবস্থান থেকে কথা বলতাম, আজ সেই পরিচয় ছাপিয়ে দল-মত, বর্ণ ও গোষ্ঠীর ঊর্ধ্বে উঠে সর্বস্তরের মানুষের জন্য নিরপেক্ষভাবে কাজ করার শপথ নিয়েছি। তিনি আরও বলেন, গণতন্ত্র অর্জন করা যেমন কঠিন, তা রক্ষা করা আরও বেশি জরুরি। স্বৈরাচারী শাসনের অবসানের পর গণতন্ত্র চর্চার যে সুযোগ তৈরি হয়েছে, সেটিকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে হবে। সরকার ও বিরোধী দলের দায়িত্ব সংসদকে কার্যকর রাখা এবং আলোচনার মাধ্যমে মতভেদ দূর করা। রাষ্ট্রপতি বলেন, সিলেটে পর্যটন, কৃষি, প্রবাসী বিনিয়োগ ও গ্যাস-শিল্পের বিপুল সম্ভাবনা রয়েছে। প্রবাসীরা বিনিয়োগে আরও এগিয়ে এলে এ অঞ্চলের চিত্র আমূল বদলে যাবে। দল-মত নির্বিশেষে দেশের ও সাধারণ মানুষের কল্যাণে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। নিজের সহধর্মিণীর প্রতি কৃতজ্ঞতা জানিয়ে মির্জা ফখরুল ইসলাম বলেন, পাশে থেকে আমাকে সহযোগিতা এবং পরিবারকে সামলে রাখার জন্য তিনি আন্তরিকভাবে কৃতজ্ঞ। সিলেটের মানুষের সঙ্গে তিনি অতীতেও ছিলেন, বর্তমানেও আছেন এবং ভবিষ্যতেও থাকবেন। সিলেট সিটি করপোরেশনের প্রশাসক ও সিলেট জেলা বিএনপির সভাপতি আব্দুল কাইয়ুম চৌধুরীর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য দেন- বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, শ্রম ও প্রবাসী কল্যাণমন্ত্রী আরিফুল হক চৌধুরী, জাতীয় সংসদের হুইপ জিকে গৌছ। জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতা, প্রশাসনের কর্মকর্তা, পেশাজীবী ও বিশিষ্ট নাগরিকরা উপস্থিত ছিলেন।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ১৬ সেপ্টেম্বর ২০২৬ ॥ ০৩ আশ্বিন ১৪৩৩

পবিত্র মক্কা নগরীসহ ৩ অঞ্চলে জরুরি সতর্কতা জারি সৌদি আরবের

কীর্তনখোলা ডেস্ক
সৌদি আরবের জেদ্দা, পবিত্র নগরী মক্কা ও তাইফে সম্ভাব্য বিপদ আশঙ্কা নিয়ে জরুরি সতর্কতা জারি করেছে দেশটির কর্তৃপক্ষ। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) জাতীয় আগাম সতর্কতা প্ল্যাটফর্মের মাধ্যমে এ সতর্কতা দেওয়া হয়। ৩ এর পাতায় দেখুন

বাংলাদেশে ইলিশ রপ্তানি করে ভারতের চমক, আসবে আরও

কীর্তনখোলা ডেস্ক
ইলিশ নিয়ে ঘটেছে কিছুটা উল্টো ঘটনা। যে বাংলাদেশ থেকে সাধারণত ভারতে ইলিশ যায়, এবার সেই বাংলাদেশেই ইলিশ রপ্তানি করছে ভারত। পশ্চিমবঙ্গের পেট্রোপোল স্থলবন্দর দিয়ে গত দুই মাসে প্রায় ৫০০ টন ইলিশ ৩ এর পাতায় দেখুন

অবৈধ ট্রলিংয়ে উজাড় সাগর: ইলিশের আকাল, রাজস্ব ঘাটতি ২৩ শতাংশ

বরগুনা প্রতিনিধি
বঙ্গোপসাগরে মাছ ধরার ওপর দীর্ঘ ৫৮ দিনের সরকারি নিষেধাজ্ঞা শেষে নতুন আশায় সাগরে ফিরেছিলেন বরগুনার জেলেরা। প্রত্যাশা ছিল নিষেধাজ্ঞার সময় মাছের প্রজনন ও মজুদ বাড়বে, সাগর ভরে উঠবে ইলিশসহ নানা প্রজাতির মাছে। কিন্তু নিষেধাজ্ঞা শেষে জেলেদের সেই প্রত্যাশা অনেকটাই হতাশায় পরিণত হয়েছে। সাগরে কাঙ্ক্ষিত মাছ মিলছে না। বিশেষ করে ইলিশের অবতরণে দেখা দিয়েছে বড় ধরনের ধস। এর সরাসরি প্রভাব পড়েছে দেশের অন্যতম বৃহৎ পাথরঘাটা মৎস্য অবতরণ কেন্দ্রে। কমেছে মাছের বেচাকেনা, কমেছে সরকারি রাজস্ব। একই সঙ্গে অবৈধ ও রূপান্তরিত আর্টিসানাল ট্রলিং বোটের দাপটে বঙ্গোপসাগরের মৎস্যসম্পদ ও সামুদ্রিক জীববৈচিত্র্য নিয়ে দেখা দিয়েছে গভীর উদ্বেগ। পাথরঘাটা মৎস্য অবতরণ কেন্দ্রের সাম্প্রতিক পরিসংখ্যান বলছে, চলতি বছরের ১২ জুলাই থেকে ২১ আগস্ট ৩ এর পাতায় দেখুন

পাকা মাঠে মাটি ভরাট, বাউফলে ৩১৮ প্রকল্পের প্রায় চার কোটি টাকা লুটপাট

কীর্তনখোলা রিপোর্ট
পটুয়াখালীর বাউফলে গ্রামীণ অবকাঠামো সংস্কার (টিআর/কাবিখা) কর্মসূচির আওতায় নেওয়া প্রকল্পের অর্থ লুটপাটের গুরুতর অভিযোগ উঠেছে। সরেজমিনে অধিকাংশ প্রকল্পে কাজ না করেই বরাদ্দের টাকা তুলে নেওয়ার প্রমাণ পাওয়া গেছে। ২০২৫-২৬ অর্থবছরে উপজেলার ১৫টি ইউনিয়নে নেওয়া ৩১৮টি প্রকল্পের বিপরীতে মোট তিন কোটি ৯২ লাখ ৯৯ হাজার ৬০৪ টাকা বরাদ্দ দেওয়া হয়। এসব প্রকল্পের মধ্যে রয়েছে মাটির রাস্তা নির্মাণ ও সংস্কার, শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্মীয় উপাসনালয়ের মাঠ ভরাট এবং গভীর নলকূপ স্থাপন। উপজেলার বিভিন্ন এলাকা ঘুরে ৩১৭টি প্রকল্পের অর্ধেকেরও বেশিতে দৃশ্যমান কোনো কাজ খুঁজে পাওয়া যায়নি। কোনো কোনো ৩ এর পাতায় দেখুন

বিষখালী নদীর ঢেউয়ে সড়কে ধস, দুর্ভোগ ৬ গ্রামে

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে বিষখালী নদীর ঢেউয়ে ধসে গেছে একটি গ্রামীণ সড়কের বড় অংশ। এতে ছয়টি গ্রামের মানুষ যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছেন। গত রোববার সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার মঠবাড়ি ইউনিয়নের পূর্ব বাদুরতলা গ্রামের বাদুরতলা বাজারের দক্ষিণ মাথা এলাকায় নদীতীরের সড়কটি ভেঙে যায়। পাশাপাশি তলিয়ে যায় ৪০-৫০ শতক জমিও। বাদুরতলার বাসিন্দা বেল্লালের ভাষ্য, দীর্ঘদিন ধরে বিষখালী নদীতীরে ভাঙন চলছে। তবে ভাঙন রোধে স্থায়ী কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। রোববার সকালে যে সড়কটি ভেঙে গেছে, বাকি অংশও যেকোনো সময় নদীতে বিলীন হয়ে যেতে পারে। রোববার ৩ এর পাতায় দেখুন

বাবুগঞ্জে বাসের ধাক্কায় মাদ্রাসার সহকারী ক্বারির মৃত্যু

বাবুগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাবুগঞ্জে দ্রুতগতির বাসের ধাক্কায় রাকুদিয়া দাখিল মাদ্রাসার সহকারী মৌলভি (ক্বারি) রেহানা বেগম (৪৫) নিহত হয়েছেন। তিনি একই মাদ্রাসার সুপার মাওলানা নাসিরউদ্দিনের স্ত্রী। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) সকাল ৯টা ৪০ মিনিটের দিকে ঢাকা-বরিশাল মহাসড়কের দোয়ারিকা-শিকারপুর ব্রিজের ঢালের পশ্চিম রাকুদিয়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার প্রতিবাদে এবং নিরাপদ সড়কের দাবিতে মাদ্রাসার শিক্ষার্থীরা প্রায় এক ঘণ্টা মহাসড়ক অবরোধ করে রাখে। এতে মহাসড়কের উভয় পাশে যান চলাচল বন্ধ হয়ে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। স্থানীয় ও মাদ্রাসা সূত্রে জানা গেছে, মঙ্গলবার সকালে রেহানা বেগম শিকারপুর ব্রিজের ঢাল এলাকায় ঢাকা-বরিশাল মহাসড়ক পার হচ্ছিলেন। এ সময় ঢাকা থেকে বরিশালগামী লাবিবা কোম্পানির 'আহনাফ ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় মাদক প্রতিরোধে জেলা কমিটির সাথে মতবিনিময় সভা

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল মঙ্গলবার বিকালে উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা অডিটরিয়ামে,'মাদককে না বলুন, জীবঁনকে হ্যাঁ বলুন,মাদক নয়-জীবন চাই,মাদক ছেড়ে-স্বপ্ন দেখো, মাদক মুক্ত সমাজ গড়ি একসাথে' এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে, 'মাদক প্রতিরোধে গঠিত পিরোজপুর জেলা কমিটির সাথে'এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় ভাণ্ডারিয়া উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও মো. হাসিবুল হাসান ৩ এর পাতায় দেখুন

মেঘনায় ধরা পড়ল ১৫ কেজির পাঙাস, বিক্রি বিশ হাজার টাকায়

মনপুরা প্রতিনিধি
ভোলার মনপুরায় মেঘনা নদীতে জেলের জালে ধরা পড়েছে ১৫ কেজি ওজনের বিশাল এক পাঙাস মাছ। নিলামে মাছটি এক হাজার তিনশত চল্লিশ টাকা কেজি দরে বিশ হাজার একশত টাকায় বিক্রি করা হয়। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) দুপুর সাড়ে ১২টায় উপজেলার মনপুরা ইউনিয়নের রামনেওয়াজ মৎস্যঘাটে মোমিন তালুকদারের মৎস্য আড়তে বিক্রি করেন জেলে আরিফ মাঝি। এই মাঝি জানান ৩ এর পাতায় দেখুন

তরুণীকে উত্ত্যক্ত ও রাতে অনুপ্রবেশের অভিযোগে বিএনপি নেতা বারেক আটক

দুমকি প্রতিনিধি
পটুয়াখালীর দুমকি উপজেলার পাঙ্গাশিয়া ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের টানা ৬ বারের ইউপি সদস্য এবং ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম বারেককে, এক তরুণীকে উত্ত্যক্ত ও গভীর রাতে বসতঘরের পেছনে অনুপ্রবেশের অভিযোগে আটক করে পুলিশে সোপর্দ করেছে স্থানীয় জনতা। সোমবার রাত সাড়ে ৯টার দিকে উপজেলার দক্ষিণ পাঙ্গাশিয়া গ্রামের মানিক বয়াতির বাড়িতে এ চাঞ্চল্যকর ঘটনাটি ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, ৬ বারের ইউপি সদস্য ও বিএনপি নেতা আমিনুল ইসলাম বারেক দীর্ঘদিন ধরে মানিক বয়াতির মেয়ে আয়েশাকে মোবাইল ৩ এর পাতায় দেখুন

উজিরপুরে চিকিৎসক-নার্সের অবহেলায় শিশুর মৃত্যুর অভিযোগ

উজিরপুর প্রতিনিধি
বরিশালের উজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় আমেনা নামে সাত মাস বয়সি এক শিশুর মৃত্যু হয়েছে। চিকিৎসক ও নার্সদের দায়িত্বে গাফিলতির কারণে শিশুটির মৃত্যু হয়েছে বলে অভিযোগ করেছেন স্বজনরা। জানা গেছে, উপজেলার শিকারপুর ইউনিয়নের বর্তা গ্রামের মহিন্দ্রা চালক মিলন তালুকদারের মেয়ে আমেনাকে ফুড পয়জনিংজনিত সমস্যা নিয়ে গত ৯ সেপ্টেম্বর উজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। কয়েকদিন চিকিৎসাধীন থাকার পরও শিশুটির শারীরিক অবস্থার উন্নতি না হওয়ায় পরিবারের সদস্যরা উন্নত চিকিৎসার জন্য তাকে বরিশালে নেওয়ার উদ্যোগ নেন। স্বজনদের দাবি, শিশুটিকে বরিশালে নিয়ে উন্নত চিকিৎসা করাতে চাইলেও হাসপাতাল থেকে রিলিজ দেওয়া হয়নি। পরে হাসপাতালেই চিকিৎসাধীন রাখা হয় শিশুটিকে। পরিবারের অভিযোগ, ১৩ সেপ্টেম্বর রাতে শিশুটির শারীরিক অবস্থার গুরুতর অবনতি হলে বিষয়টি কর্তব্যরত নার্সদের জানানো হয়। কিন্তু তারা যথাযথ গুরুত্ব দিয়ে ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে ৬৯টি কার্তুজ, ওয়াকিটকি ও ভুয়া পুলিশ আইডিসহ গ্রেফতার ১

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালীতে ৬৯টি শর্টগানের কার্তুজ, ওয়াকিটকি, ভুয়া পুলিশ আইডি কার্ড ও ভুয়া অস্ত্রের লাইসেন্সসহ মো. শাওন ইসলাম অপু (২৪) নামে এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার (১৪ সেপ্টেম্বর) রাতে কাউখালী উপজেলার শিয়ালকাঠি ইউনিয়নের শিয়ালকাঠি চৌরাস্তার কাছে মৃত শাখাওয়াত হোসেনের দোতলা ভবনের ছাদে অভিযান চালিয়ে এসব সামগ্রী উদ্ধার করা হয়। গ্রেফতার শাওন ইসলাম অপু কাউখালী উপজেলার শিয়ালকাঠি এলাকার মৃত মো. শাখাওয়াত হোসেনের ছেলে। পুলিশ জানায়, পিরোজপুরের পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকীর নির্দেশনায় এবং কাউখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আনোয়ার হোসেনের তত্ত্বাবধানে মাদক ও অস্ত্র উদ্ধারে বিশেষ অভিযান চালানো হচ্ছিল। সোমবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে ৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে প্রতিমন্ত্রীর নির্দেশনায় স্বচ্ছ প্রক্রিয়ায় প্রতিবন্ধী কার্ড বিতরণ

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ
মেহেন্দিগঞ্জ উপজেলায় স্বচ্ছ প্রক্রিয়ায় প্রতিবন্ধী কার্ড বিতরণ করা হয়েছে। বরিশাল-৪ আসন থেকে নির্বাচিত সাংসদ প্রতিমন্ত্রী রাজিব আহসানের প্রত্যক্ষ নির্দেশনায় মঙ্গলবার সকাল থেকে বিকাল পর্যন্ত স্বচ্ছ প্রক্রিয়ায় সরাসরি যাচাই-বাছাইয়ের মাধ্যমে প্রতিবন্ধী কার্ড নিশ্চিতকরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত এই কার্যক্রমে পৌরসভা সহ উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে শত শত শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি উপস্থিত হন। উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো: মিরাজ ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে পুকুরে ডুবে প্রাণ গেল ব্যাংকারের

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুরে পুকুরে ডুবে মো. রোকনুজ্জামান (৪০) নামে এক ব্যাংকারের মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) দুপুরে উপজেলার রাজাপুর সদর ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডে শ্বশুরবাড়ির পুকুরে এ ঘটনা ঘটে। নিহত রোকনুজ্জামান উপজেলার কেওতা গ্রামের মৃত আব্দুর রাজ্জাক হাওলাদারের ছেলে। তিনি পেশায় ব্যাংকার ছিলেন। স্বজনরা জানান, তিনি দীর্ঘদিন ৩ এর পাতায় দেখুন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড পেলেন বিএম কলেজের দুই শিক্ষার্থী

আজিজুল হাকিম সামি, বিএম কলেজ
জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ঘোষিত মর্যাদাপূর্ণ ' ভাইস-চ্যান্সেলর অ্যাওয়ার্ড' অর্জন করেছেন সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের দুই কৃতি শিক্ষার্থী। পদকপ্রাপ্তরা হলেন গণিত বিভাগের অনার্স ২০১৯-২০ সেশনের শিক্ষার্থী কানিজ ফাতেমা (সিজিপিএ ৩.৯৭) এবং সংস্কৃতি বিভাগের একই সেশনের মাস্টার্সের শিক্ষার্থী অশিত বিশ্বাস (সিজিপিএ ৩.৮৪)। ?মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) রাজধানীর সেগুনবাগিচায় অবস্থিত আন্তর্জাতিক মাতৃভাষা ৩ এর পাতায় দেখুন

সেপটিক ট্যাংকে নেমে রাজমিস্ত্রির মৃত্যু সহযোগী হাসপাতালে

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদে নির্মাণাধীন ভবনের সেপটিক ট্যাংকের ভেতরে কাজ করতে নেমে মো. মনির শেখ (৪২) নামে এক রাজমিস্ত্রির মৃত্যু হয়েছে। এ সময় তাঁর সঙ্গে থাকা মো. কুদ্দুস (৭০) নামে অপর এক শ্রমিক অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) সকালে উপজেলার বলদিয়া ইউনিয়নের রাজাবাড়ী গ্রামের তারা মিয়ার ভবনে কাজ করার সময় এ দুর্ঘটনা ঘটে। নিহত মনির শেখ পাশের নাজিরপুর উপজেলার কলারদোয়ানিয়া ইউনিয়নের ফলনী গ্রামের মো. আব্দুল জলিল শেখের ছেলে। পুলিশ ঘটনাস্থল থেকে তাঁর মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে গেছে। প্রত্যক্ষদর্শী রাজমিস্ত্রি মো. শাহ আলম জানান, মনির শেখ ও তাঁর সহযোগী কুদ্দুস রাজাবাড়ী গ্রামের তারা মিয়ার বাড়ির সেপটিক ট্যাংকের কাজ করছিলেন। মঙ্গলবার সকালে ট্যাংকের ঢাকনা খুলে ভেতরের ঢালাইয়ের সেন্টারিং খুলতে প্রথমে মনির ট্যাংকের ভেতরে নামেন। পরে কুদ্দুসও সেখানে নামেন। এ সময় শাহ আলমসহ অন্য শ্রমিকেরা পাশের একটি ভবনে ৩ এর পাতায় দেখুন

নামজারিতে ৭০ হাজার টাকা ঘুষ দাবি, ২০ হাজারে সমঝোতা

রাঙ্গাবালী প্রতিনিধি
পটুয়াখালীর রাঙ্গাবালী উপজেলা ভূমি অফিসে নামজারি করতে সরকারি ফির বাইরে অতিরিক্ত টাকা দাবির অভিযোগ উঠেছে এক ভূমি উপসহকারী কর্মকর্তার বিরুদ্ধে। চারটি নামজারির জন্য প্রথমে ৭০ হাজার টাকা দাবি করা হলেও, পরে দর-কষাকষির মাধ্যমে ২০ হাজার টাকায় সমঝোতার অভিযোগ করেছেন মহিউদ্দিন খন্দকার নামের এক সেবাপ্রত্যাশী। অভিযোগকারীর দাবি, সমঝোতার পর অভিযুক্ত কর্মকর্তার হাতে প্রথম কিস্তিতে ১০ হাজার টাকা দেওয়ার একটি ভিডিও ধারণ করা হয়। ভিডিওতে টাকা নেওয়া ও গোনার দৃশ্যসহ অতিরিক্ত অর্থের বিষয়ে কথোপকথন রয়েছে বলে তিনি দাবি করেন। মহিউদ্দিন খন্দকার জানান, গত ২০ মে ২০২৬ ভূমি মেলার সময় ছয়টি দলিলের নামজারির জন্য তিনি রাঙ্গাবালী ইউনিয়ন ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com